

বিষয় : চাৰু ও কাৰুকলা

## ভূমিকা

প্রতিটি শিশুই নিজের পরিবেশে প্রকৃতির আলো, বাতাস, রূপ, রস ও গন্ধ ইত্যাদির মধ্যে বেড়ে ওঠে। ধীরে ধীরে সে তার চারপাশের জগৎ ও বস্তুর সঙ্গে পরিচিত হয়। বিভিন্ন বিষয়ের প্রতি তার ভালবাসা জন্মায়। এই ভালবাসা থেকেই সে সহজ ও স্বাভাবিক ভাবে তার পরিবেশের মানুষ, পশু-পাখি, গাছ-পালা, নদী-নালা ইত্যাদিসহ প্রকৃতির সৌন্দর্যের সমারোহ উপভোগ করে। এসবকে নিয়ে শিশু কল্পনা করতে ভালবাসে, স্বপ্ন দেখতে ভালবাসে। এসব কল্পনা ও স্বপ্নকে ঘিরে তার মধ্যে ধীরে ধীরে সৃজনশীলতা এমনভাবে তৈরি হতে থাকে যে তার হাতের কাছে যা পায় তাই দিয়ে সে আঁচড় কাটে, বিভিন্ন জিনিস নেড়ে চেড়ে দেখে, কখনো কখনো ভাঙচুর করে। এইভাবে বিভিন্ন বস্তু যে বিভিন্ন রূপ পেতে থাকে তা দেখে সে সৃষ্টির আনন্দে নেচে ওঠে, মজা পায়।

এই শিশুদেরকে আমরা সুনামগরিক হিসেবে গড়ে তুলতে চাই পরিশীলিত মানুষ হিসেবে গড়ে তুলতে চাই। এই লক্ষ্য নিয়ে শিশুকে সৃজনশীল ও সুশিক্ষিত করে তোলার জন্য বেশ কিছু বিষয়ের উপর আমরা গুরুত্ব দিচ্ছি।

অন্যান্য বিষয়ের সঙ্গে চারু ও কারুকলা বিষয়টি সারা বিশ্বেই শিশু শিক্ষার জন্য একটি পরিকল্পিত ও আবশ্যিক বিষয় হিসেবে বিবেচিত হয়েছে।

প্রাথমিক শিক্ষা থেকেই চারু ও কারুকলা বিষয়টি বাংলা, ইংরেজি, পরিবেশ পরিচিতি (সমাজ ও বিজ্ঞান) ইত্যাদি বিষয়ে শিক্ষা লাভে সহায়ক ভূমিকা রাখতে পারে। ছবি আঁকা ও অন্যান্য শিল্পকর্ম তৈরি শিশুরা আনন্দের সঙ্গে এবং স্বতঃস্ফূর্ত ভাবেই করে। ছোট একটি নির্দিষ্ট মাপের কাগজে ঘরবাড়ি, গাছপালা, মানুষ, পশু-পাখি আঁকে এবং নিজের ইচ্ছেমত রং দিয়ে সুন্দর করে তোলে। নিজের আঁকা দেখে সে নিজে যেমন আনন্দ পায় সেই সঙ্গে অবচেতনে তার মধ্যে কতগুলো বিষয়ের চর্চাও হয়ে যায়। যেমন সৌন্দর্যবোধ, শৃঙ্খলাবোধ, পরিশীলিত বোধ ইত্যাদি। যে সব বস্তু সে আঁকে সেগুলোর প্রতি তার ভালবাসা জন্মায়। এইভাবে শিশু প্রকৃতিপ্রেমী এবং প্রকৃতির বস্তু সামগ্রী, জীব জন্তু ইত্যাদির প্রতি মমত্ববোধে সমৃদ্ধ হতে থাকে। দেশের প্রাকৃতিক দৃশ্যকে এবং তার পরিবেশের বস্তুকে ভালবেসে দেশকে ভালবাসার স্পৃহা ও চিন্তা শিশুকাল থেকেই সে পেয়ে যায়। সৃজনশীল মানুষই দেশকে উন্নতির পথে নিয়ে যেতে পারে।

উচ্চতর পর্যায়ে আমাদের দেশের সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ে চারুকলা অনুষদ ও বিভাগ রয়েছে। এছাড়াও চারু ও কারুকলা বিষয়টি প্রাথমিক পর্যায়ে থেকে আবশ্যিক হওয়ায় পরবর্তী সময়ে স্থাপত্যবিদ্যা, চিকিৎসা বিজ্ঞান ও কারিগরি শিক্ষা গ্রহণে শিক্ষার্থীরা আগ্রহী হয়ে ওঠতে পারে। প্রাথমিক শিক্ষার বেশ কয়েকটি প্রান্তিকযোগ্যতার উপর গুরুত্ব দিয়ে চারু ও কারুকলার বর্তমান শিখনক্রম প্রণয়ন করা হয়েছে। সেগুলো হলো :

- ১। শিশুকে তার কল্পনা, কৌতূহল, সৃজনশীলতা বিকাশে আগ্রহী করে তোলা;
- ২। মানবাধিকার, আন্তর্জাতিকতাবোধ, বিশ্বভ্রাতৃত্ব ও সামাজিক প্রতিষ্ঠানের প্রতি আগ্রহশীল করে তোলা;
- ৩। স্বাধীন ও মুক্তচিন্তায় উৎসাহিত করা, গণতান্ত্রিক রীতিনীতি অনুশীলন করতে প্রেরণা দেওয়া;
- ৪। ভালমন্দের পার্থক্য অনুধাবন করতে প্রেরণা দেওয়া;
- ৫। প্রকৃতি, পরিবেশ ও বিশ্ব জগৎ সম্পর্কে জানতে, পরিবেশের উন্নয়ন ও সংরক্ষণে উদ্বুদ্ধ করা;
- ৬। মুক্তিযুদ্ধের চেতনায় দেশপ্রেম ও জাতীয়তাবোধে উদ্দীপ্ত করা, দেশ গড়ার কাজে সক্রিয় হতে উৎসাহিত করা;
- ৭। জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি সম্পর্কে জানতে এবং শ্রদ্ধাশীল হতে অনুপ্রাণিত করা;
- ৮। সর্বোপরি বাংলাদেশকে ভালভাবে জানতে ও মমত্ববোধে উদ্বুদ্ধ করা।

## আবশ্যিকীয় শিখনক্রম

বিষয় : চারু ও কারু কলা

বিষয়ভিত্তিক প্রাথমিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা				
	প্রথম শ্রেণি	দ্বিতীয় শ্রেণি	তৃতীয় শ্রেণি	চতুর্থ শ্রেণি	পঞ্চম শ্রেণি
১। ছবি আঁকার প্রাথমিক উপকরণের সাথে পরিচিতি হওয়া।	১.১ ছবি আঁকার কাগজ, পেন্সিল, রঙ, কালার প্যালেট ও তুলির সাথে পরিচিতি।	১.১ ছবি আঁকার কাগজ, পেন্সিল, প্যাস্টেল রঙ, জল রঙ, কালার প্যালেট ও তুলির সাথে পরিচয়।	১.১ ছবি আঁকার কাগজ, পেন্সিল, প্যাস্টেল রঙ, জল রঙ, পোস্টার রঙ এবং বিভিন্ন প্রকার তুলি সম্পর্কে জানতে পারা।	১.১ বিভিন্ন রকম কালি, তুলি, পেন্সিল ও রঙিন কলম, সাইনপেন সম্পর্কে জানা।	১.১ শিশুদের ছবি আঁকার বিভিন্ন রকমের রঙ তুলি, পেন্সিল এবং বিভিন্ন প্রকার পেন্সিলের বৈশিষ্ট্যগত পার্থক্য জানা। (2B, 3B, 4B, 6B ইত্যাদি।)
২। খেয়াল খুশি মত ছবি আঁকা।	২.১ শিশু তার ইচ্ছেমত ছবি আঁকবে। শিশুর কল্পনায়, চিন্তায় সে যা ভাবে, তা খেলার আনন্দ নিয়ে আঁকবে।	২.১ শিশু তার ইচ্ছেমত ছবি আঁকবে। সে নিজেই ঠিক করে নিবে সে কোন বিষয়ে ছবি আঁকবে।	২.১ শিশু যা শিখছে এবং তার চার পাশটাকে যোভাবে দেখছে অর্থাৎ তার জানা জগৎ থেকে বিষয় নিয়ে ইচ্ছেমত ছবি আঁকা।	২.১ পরিচিত যে কোন জিনিস ও প্রাকৃতিক দৃশ্য ইচ্ছেমত কল্পনা থেকে রঙ বা পেন্সিলে আঁকা।	২.১ পরিচিতি যে কোন বস্তু, প্রাকৃতিক দৃশ্য, ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ বিষয়ক স্মৃতি স্তম্ভ ইত্যাদি অবশ্যই নিজের ইচ্ছেমত আঁকা।
৩। অভিজ্ঞতা ভিত্তিক ও পর্যবেক্ষণের মাধ্যমে ছবি আঁকা।	৩.১ শিশু নিজের পরিবেশে যা দেখে কিম্বা উপলব্ধি করে এবং যা তার কাছে ভালো লাগে তা ইচ্ছেমত আঁকবে।	৩.১ শিশু নিজের পরিবেশে যা দেখে কিম্বা উপলব্ধি করে এবং যা তার কাছে ভালো লাগে তা ইচ্ছেমত আঁকবে।	৩.১ শিশু তার পোষা পাখি অথবা তার প্রিয় জীব-জন্তুর ছবি আঁকা। ৩.২ শিশু বেড়াতে গিয়ে কোন জায়গা ভাল লাগলে মন থেকে সে জায়গার ছবি আঁকা।	৩.১ গাছ, ফুল-ফল, পাতা, পাখি ও মাছ পর্যবেক্ষণের মাধ্যমে স্মৃতি থেকে আঁকতে পারা। ৩.২ শিশুর দেখা গ্রাম, শহরের বিশেষ বিশেষ দর্শনীয় স্থানের ছবি (চিড়িয়াখানা, যাদুঘর, স্মৃতিসৌধ, মেলা ইত্যাদি) আঁকা।	৩.১ শিশুর প্রিয় খেলা, উৎসব, জন্মদিন, ঈদ, পূজা, বড়দিন, বৌদ্ধ পূর্ণিমা, নববর্ষ, মেলা, বাজার ইত্যাদির ছবি বুদ্ধি খাটিয়ে ইচ্ছেমত রঙ দিয়ে আঁকতে পারা।
৪। বর্ণমালা লেখা/ সুন্দর হাতের লেখার অভ্যাস করা।	৪.১ বোর্ড/ খাতায় বাংলা স্বরবর্ণের অক্ষরগুলো বড় করে লেখতে শেখা।	৪.১ শিশুর স্বাভাবিক বাংলা ইংরেজি লেখা সঠিক এবং সুন্দরভাবে লিখতে শেখা।	৪.১ দাগ ছাড়া সাদা কাগজে লাইন সোজা করে হাতের লেখা লেখতে পারা।	৪.১ সরু, একটু মোটা, মাঝারি মোটা এবং বেশ মোটা বিভিন্ন মাপের কলম দিয়ে লেখা শেখা।	৪.১ বাংলা-ইংরেজি সংখ্যা ইত্যাদি বর্ণ ও চিহ্নকে বিভিন্ন নকশার আদলে লিখতে শিখবে; ৪.২ এই নকশাটি বিভিন্ন রঙে হবে এবং সাদা কালোতে তৈরি করতে পারা।

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা				
	প্রথম শ্রেণি	দ্বিতীয় শ্রেণি	তৃতীয় শ্রেণি	চতুর্থ শ্রেণি	পঞ্চম শ্রেণি
৫। রেখাচিত্র অঙ্কন।	৫.১ শিশুদের রেখা অঙ্কনে হস্ত চালানোর অভ্যাস করানো।	৫.১ ছবি আঁকার কাগজে শুধু রেখা দিয়ে ছোট বড় বিভিন্ন আকারের নকশা তৈরি করা।	৫.১ তিনটি ত্রিভুজ এবং তিনটি বৃত্ত সাজিয়ে ছবি তৈরি করতে পারা।	৫.১ মুক্ত হস্তে রেখা দিয়ে ছোট বড় অনেক গুলো বৃত্ত এঁকে নিজের মত নকশা বা ছবি তৈরি করতে পারা।	৫.১ মুক্ত হস্তে রেখা দিয়ে ছোট বড় ত্রিভুজ বা বৃত্ত দিয়ে নকশা বা ছবি তৈরি করতে পারা।
৬। মৌলিক রঙের সাথে পরিচিত হওয়া এবং ছবি এঁকে রঙ করা।	৬.১ মৌলিক রঙ গুলো ভাল করে চিনবে এবং ব্যবহার করা শিখবে। ৬.২ মৌলিক দুইটি রঙ মিশিয়ে অন্য যে রঙগুলো হয় সেটা শিখবে।	৬.১ মৌলিক এবং মিশ্রিত রঙগুলোর সাথে ফুল, পাখি, গাছপালার রঙ মেলাতে শেখা।	৬.১ মৌলিক এবং মিশ্রিত রঙের সমন্বয়ে অনেক বেশি ছবি আঁকার অভ্যাস করতে পারা।	৬.১ ত্রিভুজ, চতুর্ভুজ ও বৃত্তের সাহায্যে নকশা অঙ্কন করে নকশাটি মৌলিক ও মিশ্রিত রঙ দিয়ে ভরাট করতে পারা।	৬.১ শিশু-তার ইচ্ছেমত যেসব ছবি আঁকবে তাতে মৌলিক ও মিশ্রিত রঙগুলোর বৈশিষ্ট্য চিনতে শিখা।
৭। অন্যান্য উপকরণের সাথে পরিচিত হওয়া।	৭.১ ছবি আঁকার পরিচিত উপকরণ ছাড়া অন্যান্য উপকরণের সাথে পরিচয়।	৭.১ কাদামাটি, রঙিন কাগজ, আঠা, পাটখড়ি, খেজুর পাতা, নারিকেল পাতা, বিনুক, নুড়ি পাথর, ডিমের খোসা, ছোট বড় কাঠের টুকরো ইত্যাদি দিয়ে ছবি ও অন্যান্য শিল্পকর্ম বানানো।	৭.১ কাদামাটি, রঙিন কাগজ, আঠা, পাটখড়ি, খেজুর পাতা, নারিকেল পাতা, বিনুক, নুড়ি পাথর, ডিমের খোসা, ছোট বড় কাঠের টুকরো ইত্যাদি দিয়ে ছবি ও অন্যান্য শিল্পকর্ম বানানো।	৭.১ কাদামাটি, রঙিন কাগজ, আঠা, পাটখড়ি, খেজুর পাতা, নারিকেল পাতা, বিনুক, নুড়ি পাথর, ডিমের খোসা, ছোট বড় কাঠের টুকরো ইত্যাদি দিয়ে ছবি ও অন্যান্য শিল্পকর্ম বানাতে পারা।	৭.১ কাদামাটি, রঙিন কাগজ, আঠা, পাটখড়ি, খেজুর পাতা, নারিকেল পাতা, বিনুক, নুড়ি পাথর, ডিমের খোসা, ছোট বড় কাঠের টুকরো ইত্যাদি দিয়ে ছবি ও অন্যান্য শিল্পকর্ম বানাতে পারা।
৮। কাদামাটি দিয়ে বিভিন্ন জিনিস তৈরি করা।	৮.১ কাদামাটি দিয়ে ইচ্ছেমত খেলনা, পুতুল, পশুপাখি ইত্যাদি তৈরি করতে পারা।	৮.১ কাদামাটি দিয়ে ইচ্ছেমত খেলনা, পুতুল, পশুপাখি ইত্যাদি তৈরি করতে পারা।	৮.১ কাদামাটি দিয়ে ইচ্ছেমত গোলাকার যে কোন ফল তৈরি করতে পারা। যেমন- আতা, ডালিম, বাতাবি লেবু ইত্যাদি। ৮.২ কাঁদামাটি দিয়ে শিল, নোড়া, বাটি, মাছ, পাখি, বাংলা ও ইংরেজি অক্ষর তৈরি করা।	৮.১ কাদামাটি দিয়ে ইচ্ছেমত গোলাকার যে কোন ফল তৈরি করতে পারা। যেমন আতা, ডালিম, বাতামি লেবু, বেল ইত্যাদি। ৮.২ কাদামাটি দিয়ে শিল, নোড়া, বাটি, মাছ, পাখি, বাংলা ও ইংরেজি অক্ষর তৈরি করা।	৮.১ মাটি দিয়ে বিভিন্ন মাপের ফলক বানাতে শিখবে। নরম মাটির এই ফলক কখনও খোদাই করে কখনও আলগা মাটি যুক্ত করে ফলকের তল উঁচু নিচু করে ইচ্ছেমত ছবি ও নকশা তৈরি করতে পারা।

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা				
	প্রথম শ্রেণি	দ্বিতীয় শ্রেণি	তৃতীয় শ্রেণি	চতুর্থ শ্রেণি	পঞ্চম শ্রেণি
৯। রঙিন ও সাদাকালো কাগজ ছিড়ে বা কেটে আঠা লাগিয়ে নানারকম শিল্পকর্ম তৈরি এবং রঙিন টুকরো কাপড় কেটে আঠা দিয়ে লাগিয়ে ছবি তৈরি করা।	৯.১ রঙিন কাগজ ছিড়ে বা কেটে ছবি বা নকশা তৈরি করা। ৯.২ রঙিন টুকরো কাপড় আঠা দিয়ে লাগিয়ে ছবি বা নকশা তৈরি করা।	৯.১ রঙিন কাগজ ছিড়ে বা কেটে ছবি বা নকশা তৈরি করা। ৯.২ রঙিন টুকরো কাপড় আঠা দিয়ে লাগিয়ে ছবি বা নকশা তৈরি করা।	৯.১ রঙিন কাগজ ছিড়ে বা কেটে ছবি বা নকশা তৈরি করা। ৯.২ রঙিন টুকরো কাপড় আঠা দিয়ে লাগিয়ে ছবি বা নকশা তৈরি করা।	৯.১ রঙিন টুকরো কাগজ বা কাপড় দিয়ে ইচ্ছামত ছবি ও নকশা তৈরি করতে পারা। ৯.২ রঙিন কাগজ কেটে বাংলা ও ইংরেজি বর্ণমালা বা কোন লেখা তৈরি করতে পারা।	৯.১ রঙিন কাগজ বা কাপড় দিয়ে শিশুর ইচ্ছামত ছবি ও নকশা তৈরি করতে পারা।
১০। পাটখড়ি, খেজুর পাতা, নারিকেল পাতা, নুড়ি পাথর, বিনুক, ডিমের খোসা, ছোট বড় কাঠের টুকরো ইত্যাদি উপকরণ দিয়ে কিছু তৈরি করা।	১০.১ নিজের ইচ্ছামত বা খেয়াল খুশিমত পাটখড়ি, খেজুর পাতা, নারিকেল পাতা, বিনুক, নুড়ি পাথর, ডিমের খোসা, ছোট বড় কাঠের টুকরো, সুতা, ইত্যাদি উপকরণ দিয়ে সখের জিনিস তৈরি করা।	১০.১ নিজের ইচ্ছামত বা খেয়াল খুশিমত পাটখড়ি, খেজুর পাতা, নারিকেল পাতা, বিনুক, নুড়ি পাথর, ডিমের খোসা, ছোট বড় কাঠের টুকরো ইত্যাদি উপকরণ দিয়ে জিনিস তৈরি করা।	১০.১ খেজুর পাতা, নারিকেল পাতা, তালা পাতা দিয়ে বিভিন্ন ধরণের দ্রব্য তৈরি করা।	১০.১ খেজুর পাতা, নারিকেল পাতা, তালপাতা ও কলা পাতা দিয়ে সহজে নানা ধরণের বুড়ি, পাটি, বাঁশী ও টুপি তৈরি করতে পারা।	১০.১ খেজুর, নারিকেল, তাল ও কলাপাতা দিয়ে সহজ নকশা এবং পাটি, পাখা ইত্যাদি তৈরি করতে পারা।
১১। পাট দিয়ে রশি বেনী ও অন্যান্য সহজ জিনিস তৈরি করতে শেখা	-	-	-	১১.১ পাট ও পাটের রশি দিয়ে বেনী, শিকা ও অন্যান্য সহজ জিনিস তৈরি করতে পারা	১১.১ পাট ও পাটের রশি দিয়ে বেনী তৈরি, শিকা ও অন্যান্য সহজ জিনিস তৈরি করতে পারা।
১২। বিভিন্ন জিনিস রঙ করতে পারা	-	-	১২.১ সংগ্রহ করা পোড়া মাটির জিনিস রঙ করতে পারা।	১২.১ সংগ্রহ বা নিজের তৈরি যে কোন জিনিস রঙ করতে পারা।	১২.১ সংগ্রহ বা নিজের তৈরি যে কোন জিনিস রঙ করতে পারা।
১৩। আধুনিক প্রযুক্তির মাধ্যমে ছবি আঁকা।	-	-	-	১৩.১ কম্পিউটারে ছবি আঁকা ও রঙ করতে পারা।	১৩.১ কম্পিউটারে ছবি আঁকা, রঙ করা এবং প্রিন্ট নেওয়া।

বিস্তৃত শিক্ষাক্রম

শ্রেণি : প্রথম

বিষয় : চারু ও কারু কলা

বিষয়ভিত্তিক প্রাথমিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক/অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা
১। ছবি আঁকার প্রাথমিক উপকরণের সাথে পরিচিত হওয়া।	১.১ ছবি আঁকার কাগজ, পেন্সিল, রঙ, কালার প্যালেট ও তুলির সাথে পরিচিতি।	১.১.১ ছবি আঁকার কাগজ, যেমন-সাধারণ সাদা কাগজ, অফসেট পেপার, কার্টজ পেপার ইত্যাদি চিনতে পারা ১.১.২ ছবি আঁকার উপযোগী পেন্সিল যেমন- 2B, 3B ইত্যাদি চিনতে পারবে ১.১.৩ ছবি আঁকার উপযোগী বিভিন্ন প্রকার রঙ যেমন-রঙ্গিন পেন্সিল, অয়েল প্যাস্টেল, গাস মার্কার পেন্সিল ইত্যাদি চিনতে পারবে ১.১.৪ বিভিন্ন মাপের জল রঙ এর উপযোগী তুলি যেমন-২, ৪, ৬ নং ইত্যাদি চিনতে পারবে	১.১.১ ছবি আঁকার প্রাথমিক উপকরণ জানা।	১.১.১ শিশুদেরকে ছবি আঁকার উপযোগী বিভিন্ন প্রকার সহজলভ্য কাগজ ব্যবহার করা, কাগজের যে দিকটা তুলনামূলক খসখসে সে দিকে ছবি আঁকার জন্য নির্দেশনা। ১.১.২ ছবি আঁকার উপযুক্ত তুলনামূলক নরম পেন্সিল চিনতে সাহায্য করা সহ ছবি আঁকার ক্ষেত্রে ব্যবহার পদ্ধতি সম্পর্কে সচেতনতা। ১.১.৩ বিভিন্ন প্রকার রঙ ও রঙের ব্যবহার পদ্ধতি সম্পর্কে ধারণা। ১.১.৪ জল রঙ করার উপযুক্ত বিভিন্ন মাপের তুলি সম্পর্কে ধারণা দিবেন এবং জল রঙের ছবি আঁকার ক্ষেত্রে তুলির ব্যবহার সম্পর্কে ধারণা দেওয়ার জন্য নিজে একটি ছবি একে শিশুদেরকে দেখাবেন।	ছবি আঁকার বিভিন্ন উপকরণের আলাদা আলাদা স্পষ্ট ছবি এবং নাম থাকতে হবে। রঙ এবং অন্যান্য উপকরণের বিষয়ক্রমে সম্পর্কে শিশুদের সচেতন করতে হবে।
২। খেয়াল খুশি মত ছবি আঁকা।	২.১ শিশু তার ইচ্ছেমত ছবি আঁকবে। শিশুর কল্পনায়, চিন্তায় সে যা ভাবে, তা খেলার আনন্দ নিয়ে আঁকবে।	২.১.১ শিশু তার ইচ্ছেমত ছবি আঁকবে। শিশুর কল্পনায় চিন্তায় সে যা ভাবে, তা খেলার আনন্দ নিয়ে আঁকবে। ২.১.২ শিশু তার কল্পনা শক্তিকে বাস্তবে রূপ দিতে পারবে	২.১.১ শিশুর দেখা এবং কল্পনার যে কোন বিষয়ে স্বাধীনভাবে ছবি আঁকা।	২.১.১ শিশুদের খেলার ছলে ছবি আঁকার বিষয়ে শিক্ষকগণ উৎসাহ দিবেন এবং সাহায্য করবেন, তবে বিষয় নির্বাচনে কোন প্রকার বাধ্য না করা ভালো। শিশুদের সাথে গল্পের ছলে তার মনের ইচ্ছা সম্পর্কে জেনে নিয়ে প্রয়োজনে ছবি পূর্ণাঙ্গ রূপ দিতে সাহায্য করবেন।	উৎসাহ প্রদানে শিশুদের উপযোগী কিছু ছবি প্রদর্শন করতে হবে।
৩। অভিজ্ঞতা ভিত্তিক ও পর্যবেক্ষণের মাধ্যমে ছবি আঁকা।	৩.১ শিশু নিজের পরিবেশে যা কিছু দেখে কিম্বা উপলব্ধি করে এবং যা তার কাছে ভালো লাগে তা ইচ্ছেমত আঁকবে।	৩.১.১ শিশুরা নিজের অভিজ্ঞতা ও পর্যবেক্ষণ ক্ষমতাকে ব্যবহার করতে শিখবে। ৩.১.২ ছবি আঁকার মাধ্যমে শিশু তার পর্যবেক্ষণ ও কল্পনাকে বাস্তবে রূপ দিতে শিখবে।	৩.১.১ ঘরবাড়ি, গাছ-পালা, মাঠ-নদী, ফুল-পাখি, নিজের বাবা-মা, ভাই-বোন ইত্যাদি বিষয় সম্পর্কে শিশুর ধারণা থেকে নিজের মত করে ছবি আঁকা।	৩.১.১ শিশুদেরকে তার পারিপার্শ্বিক পরিবেশকে বিষয়বস্তু করে ছবি আঁকার বিষয়ে উৎসাহ প্রদান করা এবং তার কল্পনার জগৎকে প্রসারিত করার লক্ষ্যে বিভিন্ন প্রকার গল্প বলা, বেড়াতে যাওয়ায় উৎসাহিত করা এবং অচেনা জিনিস চিনতে উৎসাহিত করা।	শিশুদেরকে উৎসাহিত করার লক্ষ্যে বিভিন্ন পরিবেশ ও জগৎকে পরিচিত করার উপযোগী গল্পের উপস্থাপন থাকতে হবে।

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক/অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা
৪। বর্ণমালা লেখা/ সুন্দর হাতের লেখার অভ্যাস করা।	৪.১ বোর্ড/ খাতায় বাংলা স্বরবর্ণের অক্ষরগুলো বড় করে লিখতে শেখা।	৪.১ বর্ণমালা শুদ্ধভাবে চর্চা করতে পারবে। ৪.১.২ সুন্দর হাতের লেখার মাধ্যমে ভবিষ্যতে সুশৃঙ্খল ও পরিশীলিত হতে শিখবে।	৪.১.১ বাংলা স্বরবর্ণের অক্ষরগুলো বড় বড় করে লিখা।	৪.১.১ শিক্ষকগণ শিশুদেরকে বোর্ড বা খাতায় বাংলা স্বরবর্ণগুলো বড় বড় করে লিখতে সাহায্য করবেন। ৪.১.২ এই বিষয়ে আরো বেশি উৎসাহিত করার লক্ষ্যে খেলাচ্ছলে বালি এবং নরম মাটিতে শক্ত কিছু দিয়ে আঁচড় কেটে অক্ষরগুলো লিখতে সাহায্য করবেন।	সুন্দর ও স্পষ্টাক্ষরে বাংলা স্বরবর্ণ উপস্থাপিত হতে হবে।
৫। রেখাচিত্র অঙ্কন।	৫.১ শিশুদের রেখা অঙ্কনে হস্ত চালানোর অভ্যাস করানো।	৫.১.১ সোজা বাঁকা ও গোলাকার রেখা দিয়ে সাদা কাগজে ভরাট করে ইচ্ছেমত আঁকতে পারবে। ৫.১.২ আঁকার পর কত রকম ঘর হলো তা দেখবে। ৫.১.৩ আঁকা ঘরগুলোকে লাল, নীল, হলুদ বা ইচ্ছেমত রঙ দিয়ে ভরাট করতে পারবে।	৫.১.১ রেখাচিত্রের মাধ্যমে বিভিন্ন প্রকার নকশা অঙ্কন।	৫.১.১ শিক্ষকগণ শিশুদেরকে সাদা কাগজের উপর মুক্ত হস্তে সোজা-বাঁকা ও গোলাকার রেখা অঙ্কন করতে শেখাবেন। এইভাবে রেখা অঙ্কন করে সম্পূর্ণ কাগজটি ভরাট করার জন্য নির্দেশনা দিবেন। ৫.১.২ ইচ্ছেমত অঙ্কিত রেখাগুলোর মাধ্যমে যে ঘর তৈরি হবে শিক্ষকগণ শিশুদেরকে সে সব ঘর সম্পর্কে ধারণা দিবেন। ৫.১.৩ সনাক্তকৃত ঘরগুলো বিভিন্ন রঙে ভরাট করতে সাহায্য করবেন।	শিশুদের উপযোগী রেখাচিত্রের মাধ্যমে বিভিন্ন ধরনের কয়েকটি নকশা উপস্থাপন থাকতে হবে।
৬। মৌলিক রঙের সাথে পরিচিত হওয়া এবং ছবি এঁকে রঙ করা।	৬.১ মৌলিক রঙ গুলো ভাল করে চিনবে এবং ব্যবহার করা শিখবে। ৬.২ মৌলিক দুইটি রঙ মিশিয়ে অন্য যে রঙগুলো হয় সেটা শিখবে।	৬.১.১ মৌলিক রঙ গুলো ভাল করে চিনবে এবং ব্যবহার করা শিখবে। ৬.২.১ মৌলিক দুইটি রঙ মিশিয়ে অন্য যে রঙগুলো হয় সেটা শিখবে।	৬.১.১ লাল, নীল, হলুদ। তবে সাদা ও কালো রঙ দুটি ভিন্নভাবে তৈরি হয়।	৬.১.১ শিক্ষকগণ শিশুদেরকে মৌলিক রঙ সম্পর্কে ধারণা দিবেন। ৬.১.২ যে কোন দুইটি মৌলিক রঙ মেশালে অন্য যে রঙ তৈরি হয় সেটা শিশুদেরকে বুঝানোর জন্য শিক্ষকগণ জল রঙ ব্যবহার করবেন। এই সমস্ত প্রক্রিয়াটি আনন্দময় এবং শিশুদের উপযোগী করে তোলার জন্য শিক্ষকগণ সচেতন হবেন।	মৌলিক রঙের পরিচয়সহ ছবি থাকতে হবে। রঙের মিশ্রণ সম্পর্কে ধারণা থাকতে হবে।

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক/অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা
৭। অন্যান্য উপকরণের সাথে পরিচিত হওয়া।	৭.১ ছবি আঁকার পরিচিত উপকরণ ছাড়া অন্যান্য উপকরণের সাথে পরিচয়।	৭.১.১ ছবি আঁকার প্রচলিত উপকরণের পাশাপাশি অন্যান্য উপকরণের মাধ্যমে শিল্পকর্ম তৈরির দক্ষতা অর্জন করবে।	৭.১.১ কাঁদামাটি, রঙিন কাগজ, আঠা, পাঠখড়ি, খেজুর পাতা, নারিকেল পাতা, ঝিনুক, মুড়ি পাথর, ডিমের খোসা, ছোট বড় কাঠের টুকরো, বিচি ইত্যাদি দিয়ে ছবি ও অন্যান্য শিল্পকর্ম বানানো।	৭.১.১ শিক্ষকগণ শিশুদেরকে শিল্পকর্ম (কার্টুন) তৈরির উপযোগী বিভিন্ন উপকরণ চিনতে এবং ব্যবহার করতে সাহায্য করবেন। ৭.১.২ সহজলভ্য উপকরণ দিয়ে সহজভাবে ছবি বা শিল্পকর্ম তৈরি করার পদ্ধতি শেখানোর জন্য শিশুদেরকে সঙ্গে নিয়ে নিজের হাতে একটি শিল্পকর্ম তৈরী করে দেখাবেন।	শিল্প কর্ম করার উপযুক্ত সহজলভ্য উপকরণের পরিচিতিসহ ছবি থাকতে হবে।
৮। কাদামাটি দিয়ে বিভিন্ন জিনিস তৈরি করা।	৮.১ কাদামাটি দিয়ে ইচ্ছেমত খেলনা, পুতুল, পশুপাখি ইত্যাদি তৈরি করতে পারা।	৮.১.১ কাদামাটি দিয়ে ইচ্ছেমত খেলনা, পুতুল, পশুপাখি ইত্যাদি তৈরি করতে পারবে। ৮.১.২ কাদামাটি দিয়ে পশুপাখি তৈরি করতে পারবে।	৮.১.১ কাদামাটি দিয়ে তৈরির উপযোগী বিভিন্ন খেলনাঃ- গাড়ি, নৌকা, পুতুলঃ বর, বউ, পশুপাখি বানানো।	৮.১.১ শিক্ষকগণ শিশুদেরকে খেলার ছলে কাঁদামাটি টিপে টিপে বিভিন্ন জিনিসের আদল দিতে শেখাবে। ৮.১.২ শিক্ষকগণ শিশুদের সাথে বিভিন্ন জিনিস তৈরিতে অংশগ্রহণ করবেন। ৮.১.৩ শিক্ষকগণ শিশুদের শিক্ষাদানের লক্ষ্যে বাজার থেকে সংগৃহীত মাটির তৈরি দেশজ জিনিসপত্র দেখাবেন এবং তৈরি করতে উৎসাহিত করবেন।	মাটির তৈরি বিভিন্ন রকম জিনিসের নমুনা সম্বলিত চিত্র থাকতে হবে।
৯। রঙিন ও সাদাকালো কাগজ ছিঁড়ে বা কেটে আঠা লাগিয়ে নানারকম শিল্পকর্ম তৈরি এবং রঙিন টুকরো কাপড় কেটে আঠা দিয়ে লাগিয়ে ছবি তৈরি করা।	৯.১ রঙিন কাগজ ছিঁড়ে বা কেটে ছবি বা নকশা তৈরি করা। ৯.২ রঙিন টুকরো কাপড় আঠা দিয়ে লাগিয়ে ছবি বা নকশা তৈরি করা।	৯.১.১ রঙিন কাগজ ছিঁড়ে বা কেটে ছবি বা নকশা তৈরি করতে পারবে। ৯.১.২ রঙিন টুকরো কাপড় আঠা দিয়ে লাগিয়ে ছবি বা নকশা তৈরি করতে পারবে।	৯.১.১ ফুল, পাখি, নৌকা ইত্যাদি তৈরি করা	৯.১.১ শিক্ষকগণ বিভিন্ন রঙের কাগজ ছিঁড়ে এবং রঙিন টুকরো কাপড় ব্যবহার করে শিশুদের উপযোগী সহজ বিষয় নিয়ে ছবি বা শিল্পকর্ম তৈরি করতে শেখাবেন। তবে ধারালো সরঞ্জাম ব্যবহার করার ক্ষেত্রে সতর্কতা অবলম্বন কিংবা শিক্ষকগণ শিশুদের ব্যবহার করতে না দিয়ে নিজেই কেটে দিয়ে সাহায্য করবেন।	রঙিন, সাদা কালো কাগজ এবং টুকরো কাপড় ব্যবহার করে ছবি তৈরি করার কৌশল ও কমপেক্স দুটি ছবির উপস্থাপন থাকতে হবে।



বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক/অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা
১০। পাটখড়ি, খেজুর পাতা, নারিকেল পাতা, নুড়ি পাথর, বিনুক, ডিমের খোসা, ছোট বড় কাঠের টুকরো ইত্যাদি উপকরণ দিয়ে কিছু তৈরি করা।	১০.১। নিজের ইচ্ছেমত বা খেয়াল খুশিমত পাটখড়ি, খেজুর পাতা, নারিকেল পাতা, বিনুক, নুড়ি পাথর, ডিমের খোসা, ছোট বড় কাঠের টুকরো সুতা, ইত্যাদি উপকরণ দিয়ে সখের জিনিস তৈরি করা।	১০.১.১ নিজের ইচ্ছেমত বা খেয়াল খুশিমত পাটখড়ি, খেজুর পাতা, নারিকেল পাতা, বিনুক, নুড়ি পাথর, পুতি, ডিমের খোসা, ছোট বড় কাঠের টুকরো ইত্যাদি উপকরণ দিয়ে চরকা, ঘড়ি, চশমা, বাশী, পুতুল, ইত্যাদি তৈরি করতে পারবে।	১০.১.১ চরকা, ঘড়ি, চশমা, বাশী, পুতুল, ইত্যাদি তৈরি করা।	১০.১.১ শিক্ষকগণ শিশুদেরকে সহজলভ্য উপকরণ দিয়ে জিনিসপত্র তৈরি করতে শেখাবেন। ধারণা হিসেবে শিক্ষক প্রথমে নিজের হাতে তৈরি করে দেখাবেন এবং তৈরি করা জিনিসপত্র দিয়ে খেলার উপযোগী পরিবেশের সৃষ্টি করবেন।	শিশুদেরকে জন্য সহজভাবে নির্মিত কিছু সংখ্যক সখের জিনিসের নমুনা চিত্র প্রদর্শন করতে হবে।
১১। পাট দিয়ে রশি বেনী ও অন্যান্য সহজ জিনিস তৈরি করতে শেখা	-	-	-		
১২। বিভিন্ন জিনিস রঙ করতে পারা	-	-	-		
১৩। আধুনিক প্রযুক্তির মাধ্যমে ছবি আঁকা।	-	-	-		

## বিস্তৃত শিখনক্রম

শ্রেণি : দ্বিতীয়

বিষয় : চারু ও কারু কলা

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক/অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা
১। ছবি আঁকার প্রাথমিক উপকরণের সাথে পরিচিত হওয়া।	১.১ ছবি আঁকার কাগজ, পেন্সিল, প্যাস্টেল রঙ, জল রঙ, কালার প্যালেট ও তুলির সাথে পরিচয়।	১.১.১ ছবি আঁকার কাগজ, যেমন-সাধারণ কাগজ, অফসেট-পেপার, কার্টিজ পেপার ইত্যাদি চিনতে পারবে। ১.১.২ ছবি আঁকার উপযোগী পেন্সিল যেমন- ২ই, ৩ই, ৪ই, ৬ই, গ- ১স মার্কিং পেন্সিল ইত্যাদি চিনতে পারবে ১.১.৩ ছবি আঁকার উপযোগী বিভিন্ন প্রকার রঙিন পেন্সিল, জল রঙ, অয়েল প্যাস্টেল ইত্যাদি চিনতে পারবে ১.১.৪ বিভিন্ন মাপের জল রঙের উপযোগী তুলি যেমন-২.৪.৬ নং ইত্যাদি চিনতে পারবে	১.১.১ ছবি আঁকার প্রয়োজনীয় উপকরণ	১.১.১ শিক্ষকগণ শিশুদেরকে ছবি আঁকার উপযোগী বিভিন্ন প্রকার সহজলভ্য কাগজ ব্যবহার করা, কাগজের যে দিকটা তুলনামূলক খসখসে সে দিকে ছবি আঁকার জন্য নির্দেশনা দেবেন। ১.১.২ ছবি আঁকার উপযুক্ত তুলনামূলক নরম পেন্সিল চিনতে সাহায্য করা সহ ছবি আঁকার ক্ষেত্রে ব্যবহার পদ্ধতি সম্পর্কে সচেতনতা। ১.১.৩ বিভিন্ন প্রকার রঙ সম্পর্কে ধারণাসহ রঙের ব্যবহার পদ্ধতি সম্পর্কে ধারণা। ১.১.৪ জল রঙ করার উপযুক্ত বিভিন্ন মাপের তুলি সম্পর্কে ধারণা দেবেন এবং জল রঙের ছবি আঁকার ক্ষেত্রে তুলির ব্যবহার সম্পর্কে ধারণা দেওয়ার জন্য নিজে একটি ছবি এঁকে শিশুদেরকে দেখাবেন।	ছবি আঁকার বিভিন্ন উপকরণের আলাদা আলাদা স্পষ্ট ছবি এবং নাম থাকতে হবে।
২। খেয়াল খুশি মত ছবি আঁকা।	২.১ শিশু তার ইচ্ছেমত ছবি আঁকবে। সে নিজেই ঠিক করে নিবে সে কোন্ বিষয়ে ছবি আঁকবে।	২.১.১ শিশু নিজের ইচ্ছেমত ছবি আঁকতে পারবে। ২.১.২ ছবি আঁকার বিষয়বস্তু নিজেই নির্ধারণ করতে পারবে। ২.১.৩ শিশু কল্পনা শক্তির বিকশিত হবে।	২.১.১ স্বাধীনভাবে ছবি আঁকতে শেখা।	২.১.১ শিশুরা নিজেদের ইচ্ছেমত ছবি আঁকবে। ২.১.২ শিক্ষকগণ শিশুদেরকে বিষয় নির্বাচনে স্বাধীনতা দেবেন যাতে করে শিশু মুক্ত চিন্তা করতে পারে এবং কোন প্রকার প্রতিবন্ধকতা ছাড়া তার কল্পনা শক্তির বহিঃপ্রকাশ ঘটতে পারে। ২.১.৩ গল্পের ছলে শিক্ষকগণ শিশুর চিন্তাশক্তি বৃদ্ধির মাধ্যমে ছবি আঁকতে উৎসাহিত করবেন।	বিভিন্ন বিষয়ে ছবি আঁকার ক্ষেত্রে শিশুকে উৎসাহিত করার উপযোগী ছবি প্রদর্শন করতে হবে।

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক/অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা
৩। অভিজ্ঞতা ভিত্তিক ও পর্যবেক্ষণের মাধ্যমে ছবি আঁকা।	৩.১ শিশু নিজের পরিবেশে যা দেখে কিম্বা উপলব্ধি করে এবং যা তার কাছে ভালো লাগে তা ইচ্ছেমত আঁকবে।	৩.১.১ শিশুরা নিজের অভিজ্ঞতা ও পর্যবেক্ষণ ক্ষমতাকে ব্যবহার করতে পারবে। ৩.১.২ ছবি আঁকার মাধ্যমে শিশু তার পর্যবেক্ষণ ও কল্পনাকে বাস্তবে রূপ দিতে পারবে।	৩.১.১ ঘরবাড়ি, গাছপালা, মাঠ-নদী, ফুল-পাখি, নিজের বাবা-মা, ভাই-বোন ইত্যাদি বিষয় সম্পর্কে শিশুর ধারণা থেকে নিজের মত করে ছবি আঁকা।	৩.১.১ শিশুদেরকে তার পারিপার্শ্বিক পরিবেশকে বিষয়বস্তু করে ছবি আঁকার বিষয়ে উৎসাহ প্রদান করা এবং তার কল্পনার জগৎকে প্রসারিত করার লক্ষ্যে বিভিন্ন প্রকার গল্প বলা, বেড়াতে যেতে উৎসাহিত করা এবং অচেনা জিনিস চিনতে উৎসাহিত করা।	শিশুদেরকে উৎসাহিত করার লক্ষ্যে বিভিন্ন পরিবেশ, জগৎ উপযোগী গল্পের উপসহাপন থাকতে হবে
৪। বর্ণমালা লেখা/ সুন্দর হাতের লেখার অভ্যাস করা।	৪.১ শিশুর স্বাভাবিক বাংলা ইংরেজি লেখা সঠিক এবং সুন্দরভাবে লিখতে শেখা।	৪.১.১ শিশু তার স্বাভাবিক বাংলা ও ইংরেজি লেখা সঠিক এবং সুন্দরভাবে লিখতে পারবে। ৪.১.২ সুন্দর হস্তাক্ষর চর্চার মাধ্যমে ভবিষ্যৎ জীবনে যে কোন প্রকার লেখনী উপস্থাপনের ক্ষেত্রে রসিকি এবং সৌন্দর্য বোধের প্রকাশ ঘটাতে সক্ষম হবে।	৪.১.১ সুন্দর হস্তাক্ষরে বাংলা ও ইংরেজি লেখার চর্চা করা।	৪.১.১ শিক্ষকগণ শিশুদেরকে বোর্ড বা খাতায় বাংলা স্বরবর্ণ-ব্যঞ্জনবর্ণ সুন্দর করে লিখতে সহযোগীতা করবে। ৪.১.২ ইংরেজি বর্ণমালা সুন্দর করে লেখার চর্চা করবে।	বাংলা ও ইংরেজি সুন্দর করে লেখার নমুনা প্রদর্শন করতে হবে।
৫। রেখাচিত্র অঙ্কন।	৫.১ ছবি আঁকার কাগজে শুধু রেখা দিয়ে ছোট বড় বিভিন্ন আকারের নকশা তৈরি করা।	৫.১.১ মুক্ত হস্তে শুধুমাত্র রেখা দিয়ে নকশা আঁকতে পারবে। ৫.১.২ কোন প্রকার মাধ্যমের সহযোগিতা ছাড়া যে কোন কাজ সম্পাদনের দক্ষতা অর্জন করবে।	৫.১.১ মুক্ত হস্তে রেখার মাধ্যমে নকশা অঙ্কন শেখা।	৫.১.১ শিক্ষকগণ শিশুদের মুক্ত হস্তে ত্রিভুজ, চতুর্ভুজ, বৃত্ত আঁকতে শেখাবেন। ৫.১.২ অঙ্কিত বিষয়গুলির প্রত্যেকটির আলাদা আলাদা ভাবে অথবা সবগুলির সমন্বয়ে নকশা আঁকতে শেখাবেন। ৫.১.৩ রঙিন পেনসিল অথবা গ-স মার্কিং পেনসিল মাধ্যমে শুধু রেখার সাহায্যে আঁকতে শেখাবেন।	রেখাচিত্রের মাধ্যমে সহজভাবে আঁকা নকশার নমুনা প্রদর্শন করতে হবে।
৬। মৌলিক রঙের সাথে পরিচিত হওয়া এবং ছবি এঁকে রঙ করা।	৬.১ মৌলিক এবং মিশ্রিত রঙগুলোর সাথে ফুল, পাখি, গাছপালার রঙ মেলাতে শেখা।	৬.১.১ মৌলিক রঙগুলো ভাল করে চিনবে এবং সঠিকভাবে ব্যবহার করতে পারবে। ৬.২.১ একটি মৌলিক রঙের সাথে অপর একটি মৌলিক রঙ মেশালে যে মিশ্রিত রঙ তৈরি হয় সে সম্পর্কে সঠিকভাবে	৬.১.১ লাল, নীল, হলুদ, সাদা, কালো, কমলা, গোলাপী, বেগুনী, আকাশী, খয়েরী ইত্যাদি রঙ।	৬.১.১ শিক্ষকগণ শিশুদেরকে মৌলিক রঙ সম্পর্কে ধারণা দেবেন। ৬.১.২ জল রঙ ব্যবহার করে বিভিন্ন মৌলিক রঙ একটির সাথে অন্যটি মিশিয়ে নানা রকম মিশ্রিত রঙ তৈরি করা শিখবে। ৬.১.৩ প্রকৃতিতে বিদ্যমান সকল বস্তুর রঙ চিনতে শিখবে এবং নিজের তৈরি মিশ্রিত রঙের	মৌলিক রঙের পরিচয় এবং ছবি থাকবে। রঙের মিশ্রণ সম্পর্কে ধারণা থাকতে হবে। প্রাকৃতিক উপাদানের রঙের সাথে মৌলিক এবং মিশ্রিত রঙের

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক/অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা
		বলতে পারবে। ৬.১.৩ মিশ্রিত রঙের সাথে প্রকৃতির ফুল, পাখি, গাছপালার রঙের সম্পর্ক নির্ণয়সহ সঠিকভাবে ব্যবহার করতে পারবে।		মাধ্যমে ফুল, পাখি, গাছপালা ইত্যাদি যথাযথভাবে রঙ করতে শিখবে।	সম্পর্ক দেখিয়ে শিশুদের উপযোগী চিত্র থাকতে হবে। বিভিন্ন রকম পাখি, ফুল এবং গাছপালার ছবি থাকবে।
৭। অন্যান্য উপকরণের সাথে পরিচিত হওয়া।	৭.১ কাদামাটি, রঙিন কাগজ, আঠা, পাটখড়ি, খেজুর পাতা, নারিকেল পাতা, বিনুক, নুড়ি পাথর, ডিমের খোসা, ছোট বড় কাঠের টুকরো ইত্যাদি দিয়ে ছবি ও অন্যান্য শিল্পকর্ম বানানো।	৭.১.১ রঙ, তুলি, কালি, পেন্সিলের মাধ্যমে ছবি আঁকার পাশাপাশি বিভিন্ন সহজলভ্য এবং ফেলনা জিনিসপত্র দিয়ে শিল্পকর্ম তৈরি করতে পারবে।	৭.১.১ কাদামাটি, রঙিন কাগজ, আঠা, পাটখড়ি, খেজুর পাতা, নারিকেল পাতা, বিনুক, নুড়ি পাথর, ডিমের খোসা, ছোট বড় কাঠের টুকরো সাজিয়ে বা আঠা দিয়ে লাগিয়ে ছবি বা অন্যান্য শিল্পকর্ম তৈরি করা।	৭.১.১ শিশুরা বিভিন্ন রকম সহজলভ্য ও ফেলনা জিনিসপত্র সংগ্রহ করতে শিখবে। ৭.১.২ সংগৃহীত উপকরণ দিয়ে কোন্ ধরনের শিল্পকর্ম করা সম্ভব সে সম্পর্কে ধারণা লাভ করবে। ৭.১.৩ বিভিন্ন উপকরণের মাধ্যমে একাধিক শিল্পকর্মের নমুনা শিক্ষকগণ শ্রেণি কক্ষে প্রদর্শনের মাধ্যমে শিশুকে উপকরণ সম্পর্কে বিস্মৃত ধারণা দেবেন।	উলি-খিত সকল উপকরণের ছবিসহ পরিচয় এবং সে সকল উপকরণ ব্যবহার করে তৈরি করা একাধিক শিল্পকর্মের ছবি উপস্থাপন ও নির্মাণ কৌশলের বর্ণনা থাকতে হবে।
৮। কাদামাটি দিয়ে বিভিন্ন জিনিস তৈরি করা।	৮.১ কাদামাটি দিয়ে ইচ্ছেমত খেলনা, পুতুল, পশুপাখি ইত্যাদি তৈরি করতে পারা।	৮.১.১ কাদামাটি দিয়ে ইচ্ছেমত খেলনা, পুতুল, মানুষ, পশুপাখি তৈরি করতে পারবে। ৮.১.২ নিজের দেখা বিষয়বস্তুকে কাদামাটির সাহায্যে আদল দিতে পারবে। ৮.১.৩ নিজের খেলনা নিজের ইচ্ছেমত তৈরি করার মাধ্যমে সৃজনশীলতা বৃদ্ধি ও প্রকাশ করতে পারবে।	৮.১ বিভিন্ন রকম খেলনা গাড়ি, নৌকা, পে-ন, ঘর, বর-বউ, পাখি বানানো।	৮.১.১ শিক্ষকগণ শিশুদেরকে খেলার ছলে কাদামাটি টিপে টিপে বিভিন্ন জিনিসের আদল দিতে শেখাবে। ৮.১.২ শিক্ষকগণ শিশুদের উপযোগী বিভিন্ন জিনিস সহজ সরল ভাবে তৈরি করে দেখাবেন এবং শিশুদেরকে তৈরি করতে উৎসাহিত করবেন। ৮.১.৩ শিক্ষকগণ শিশুদেরকে শিক্ষাদানের পাশাপাশি বাজার থেকে সংগৃহীত মাটির তৈরি দেশজ জিনিসপত্র দেখাবেন।	সহজ সরল ভাবে তৈরি বিভিন্ন রকম মাটির জিনিসপত্রের ছবি থাকতে হবে।
৯। রঙিন ও সাদাকালো কাগজ ছিঁড়ে বা কেটে আঠা লাগিয়ে নানারকম শিল্পকর্ম	৯.১ রঙিন কাগজ ছিঁড়ে বা কেটে ছবি বা নকশা তৈরি করা। ৯.২ রঙিন টুকরো কাপড় আঠা দিয়ে লাগিয়ে ছবি বা নকশা	৯.১.১ রঙিন কাগজ ছিঁড়ে বা কেটে ইচ্ছেমত ছবি বা নকশা তৈরি করতে পারবে। ৯.১.২ রঙিন টুকরো কাপড় আঠা দিয়ে	৯.১.১ ফুল, পাখি, নৌকা, ঘর, গাছ, মাছ প্রজাপতি ইত্যাদি তৈরি করা	৯.১.১ শিক্ষকগণ বিভিন্ন রঙের কাগজ ছিঁড়ে এবং রঙিন টুকরো কাপড় আঠা দিয়ে লাগিয়ে শিশুদের উপযোগী সহজ বিষয় নিয়ে ছবি বা শিল্পকর্ম তৈরি করতে শেখাবেন।	বিভিন্ন প্রকার রঙিন ও সাদা-কালো কাগজ এবং বিভিন্ন রঙের টুকরো কাপড় ব্যবহার

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক/অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা
তৈরি এবং রঙিন টুকরো কাপড় কেটে আঠা দিয়ে লাগিয়ে ছবি তৈরি করা।	তৈরি করা।	লাগিয়ে ছবি বা নকশা তৈরি করতে পারবে।		শিশুদেরকে সরাসরি ধারালো সরঞ্জাম ব্যবহার করতে না দিয়ে শিক্ষকগণ নিজেসই উপকরণ কাটতে সাহায্য করবেন।	করে ছবি তৈরির কৌশলসহ একাধিক ছবি উপস্থাপন করতে হবে।
১০। পাটখড়ি, খেজুর পাতা, নারিকেল পাতা, নুড়ি পাথর, বিনুক, ডিমের খোসা, ছোট বড় কাঠের টুকরো ইত্যাদি উপকরণ দিয়ে তৈরি করা।	১০.১ নিজের ইচ্ছেমত বা খেয়াল খুশিমত পাটখড়ি, খেজুর পাতা, নারিকেল পাতা, বিনুক, পুতি, নুড়ি পাথর, ডিমের খোসা, ছোট বড় কাঠের টুকরো ইত্যাদি উপকরণ দিয়ে জিনিস তৈরি করা।	১০.১.১ নিজের ইচ্ছেমত বা খেয়াল খুশিমত পাটখড়ি, খেজুর পাতা, নারিকেল পাতা, বিনুক, পুতি, নুড়ি পাথর, ডিমের খোসা, ছোট বড় কাঠের টুকরো ইত্যাদি উপকরণ দিয়ে বিভিন্ন প্রকার সখের জিনিস তৈরি করতে পারবে।	১০.১.১ চরকা, ঘড়ি, চশমা, বাঁশি, পুতুল, ফুল, পাখি, মাছ ইত্যাদি তৈরি করা।	১০.১.১ শিক্ষকগণ শিশুদেরকে সহজলভ্য উপকরণ দিয়ে জিনিসপত্র তৈরি করতে শেখাবেন। ১০.১.২ নমুনা হিসেবে বিভিন্ন উপকরণের মাধ্যমে তৈরি জিনিসপত্র শিশুদেরকে দেখাবেন। ১০.১.৩ শিশুদের তৈরি জিনিসপত্র দিয়ে বিভিন্ন ভাবে উপস্থাপন ও খেলার পরিবেশ সৃষ্টি করবেন।	শিশুদের জন্য সহজভাবে নির্মিত কিছু সংখ্যক সখের জিনিসের নমুনা চিত্র প্রদর্শন করতে হবে।
১১। পাট দিয়ে রশি বেগি ও অন্যান্য সহজ জিনিস তৈরি করতে শেখা	-	-	-	-	-
১২। বিভিন্ন জিনিস রঙ করতে পারা	-	-	-	-	-
১৩। আধুনিক প্রযুক্তির মাধ্যমে ছবি আঁকা।	-	-	-	-	-

## বিস্তৃত শিখনক্রম

শ্রেণি : তৃতীয়

বিষয় : চারু ও কারু কলা

বিষয়ভিত্তিক প্রাথমিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক/অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা
১। ছবি আঁকার প্রাথমিক উপকরণের সাথে পরিচিতি হওয়া।	১.১ ছবি আঁকার কাগজ, পেন্সিল, প্যাস্টেল রঙ, জল রঙ, পোস্টার রঙ এবং বিভিন্ন প্রকার তুলি সম্পর্কে জানতে পারা।	১.১.১ ছবি আঁকার উপযোগী বিভিন্ন প্রকার কাগজ চিনতে পারবে। ১.১.২ ছবি আঁকার উপযোগী বিভিন্ন প্রকার পেন্সিল যেমন- ২ই, ৩ই, ৪ই, ৬ই, ৮-১০ মার্কিং পেন্সিল সম্পর্কে জানতে পারবে ১.১.৩ ছবি আঁকার উপযোগী বিভিন্ন প্রকার রঙিন পেন্সিল, জল রঙ, পোস্টার রঙ, অয়েল প্যাস্টেল ইত্যাদি চিনতে পারবে ১.১.৪ বিভিন্ন মাপের তুলি যেমন-২, ৪, ৬, ৮, ১০, ১২ নং ইত্যাদি চিনতে পারবে	১.১.১ ছবি আঁকার বিভিন্ন প্রকার প্রয়োজনীয় উপকরণ	১.১.১ শিশুদেরকে ছবি আঁকার উপযোগী বিভিন্ন প্রকার সহজলভ্য কাগজ ব্যবহার করা, কাগজের যে দিকটা তুলনামূলক খসখসে সে দিকে ছবি আঁকার জন্য নির্দেশনা ১.১.২ ছবি আঁকার উপযুক্ত তুলনামূলক নরম পেন্সিল চিনতে সাহায্য করা সহ ছবি আঁকার ক্ষেত্রে ব্যবহার পদ্ধতি সম্পর্কে সচেতনতা। ১.১.৩ বিভিন্ন প্রকার রঙ সম্পর্কে ধারণা সহ রঙের ব্যবহার পদ্ধতি সম্পর্কে ধারণা দেবেন। ১.১.৪ জল রঙ করার উপযুক্ত বিভিন্ন মাপের তুলি সম্পর্কে ধারণা প্রদান এবং জল রঙের ছবি আঁকার ক্ষেত্রে তুলির ব্যবহার সম্পর্কে ধারণা দেওয়ার জন্য নিজে একটি ছবি এঁকে শিশুদেরকে দেখাবেন।	ছবি আঁকার বিভিন্ন উপকরণের আলাদা আলাদা স্পষ্ট ছবি এবং নাম থাকতে হবে।
২। খেয়াল খুশি মত ছবি আঁকা।	২.১ শিশু যা শিখছে এবং তার চার পাশটাকে যেভাবে দেখছে অর্থাৎ তার জানা জগৎ থেকে বিষয় নিয়ে ইচ্ছেমত ছবি আঁকবে।	২.১.১ শিশু তার চারপাশের পরিবেশ থেকে নিজের ইচ্ছে অনুযায়ী ছবি আঁকতে পারবে। ২.১.২ নিজের দেখা পরিবেশ থেকে ছবি আঁকার বিষয়বস্তু ঠিক করতে পারবে। ২.১.৩ শিশুর কল্পনা শক্তি বৃদ্ধি পাবে এবং বিষয়বস্তুকে সে সুন্দরভাবে সাজাতে পারবে।	২.১.১ শিশুর চার পাশের জগৎকে নিজের দৃষ্টিতে যেভাবে দেখে সেভাবে আঁকতে শেখা।	২.১.১ শিশুর দেখা বিষয়বস্তু নিয়ে ইচ্ছেমত ছবি আঁকবে। ২.১.২ শিক্ষকগণ শিশুদেরকে বিষয়বস্তু সাজিয়ে আঁকতে দেবেন। ২.১.৩ প্রয়োজনে শিক্ষক কোন গল্পের উপর ছবি এঁকে শিশুদের ধারণা দিতে পারবেন।	বিভিন্ন বিষয়ে ছবি আঁকার ক্ষেত্রে শিশুকে উৎসাহিত করার উপযোগী ছবি প্রদর্শন করতে হবে।
৩। অভিজ্ঞতা ভিত্তিক ও পর্যবেক্ষণের মাধ্যমে ছবি	৩.১ শিশু তার পোষা পাখি অথবা তার প্রিয় জীব-জন্তুর ছবি আঁকবে। ৩.২ শিশু বেড়াতে গিয়ে কোন	৩.১.১ শিশু তার প্রিয় পোষা পাখি এবং জীবজন্তুর ছবি আন্তরিকতা ও আনন্দের সাথে আঁকার মাধ্যমে অন্যান্য সব পশু পাখির আকৃতি ও	৩.১.১ অভিজ্ঞতা ও পর্যবেক্ষণের উপস্থাপন	৩.১.১ শিশু তার প্রিয় ও পোষা পাখি অথবা জীব-জন্তুর আচরণ, বৈশিষ্ট্য পর্যবেক্ষণ করে মন থেকে ছবি আঁকতে শিখবে। ৩.১.২ শিশু বেড়াতে গিয়ে যে জায়গাটি তার ভাল	বিভিন্ন গৃহপালিত পাখি-টিয়া, ময়না, পায়রা, ঘুঘুর ছবি থাকতে হবে। গৃহপালিত ও অন্যান্য জীবজন্তু-কুকুর,

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক/অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা
আঁকা।	জায়গা ভাল লাগলে মন থেকে সে জায়গার ছবি আঁকবে।	গঠন সম্পর্কে সঠিক দক্ষতা অর্জন করবে। ৩.১.২ বেড়াতে গিয়ে ভাল লাগা কোন জায়গার ছবি মন থেকে আঁকার মাধ্যমে শিশুর সুস্থ অনুভূতি, উপলব্ধি, পর্যবেক্ষণ ক্ষমতা ও স্মৃতি শক্তি বৃদ্ধি পাবে।		লাগে সেই জায়গার বিষয়বস্তু নিয়ে স্মৃতি থেকে ছবি আঁকবে। ৩.১.৩ শিক্ষকগণ শিশুর সাথে গল্পের ছলে তার স্মৃতি থেকে ছবি আঁকার বিষয়ে সাহায্য করবেন।	বিড়াল, গরু, ছাগল, ভেড়া, মহিষের ছবি থাকতে হবে। গ্রামীণ দৃশ্য, কোন বিশেষ দর্শনীয় স্থানের ছবির কয়েকটি নমুনা উপস্থাপন করতে হবে।
৪। বর্ণমালা লেখা/ সুন্দর হাতের লেখার অভ্যাস করা।	৪.১ দাগ ছাড়া সাদা কাগজে লাইন সোজা করে হাতের লেখা লেখতে পারা।	৪.১.১ দাগ ছাড়া সাদা কাগজে বাংলা ও ইংরেজি লেখা চর্চার মাধ্যমে লাইন সোজা এবং সুন্দর করে লিখতে পারবে। ৪.১.২ কোন প্রকার লাইনের সাহায্য ছাড়া লাইন সোজা ও সুন্দর করে লেখার মাধ্যমে শিশু স্বনির্ভর ও আত্মবিশ্বাসী হয়ে উঠবে।	৪.১.১ সাদা কাগজে লাইন সোজা ও সুন্দর করে লেখা।	৪.১.১ শিশুরা দাগ ছাড়া সাদা কাগজে বাংলা ও ইংরেজি বর্ণমালা লাইন সোজা করে লেখার চর্চা করবে। ৪.১.২ শিক্ষকগণ শিশুদের কোন প্রকার স্কেল অথবা অবলম্বন ব্যবহার না করে মুক্ত হস্তে সোজা লাইনে লিখতে উৎসাহিত করবেন।	দাগ ছাড়া সাদা কাগজে লাইন সোজা করে সুন্দর হস্তাক্ষরের নমুনা হিসেবে গল্পের কোন অংশ বিশেষ অথবা কোন চিঠির অংশ বিশেষ উপস্থাপন করবেন।
৫। রেখাচিত্র অঙ্কন।	৫.১ তিনটি ত্রিভুজ এবং তিনটি বৃত্ত সাজিয়ে ছবি তৈরি করতে পারা।	৫.১.১ মুক্ত হস্তে সঠিকভাবে ত্রিভুজ এবং বৃত্ত আঁকতে পারবে। ৫.১.২ ত্রিভুজ এবং বৃত্তের সমন্বয়ে নকশা বা ছবি আঁকার মাধ্যমে বিভিন্ন রকম জ্যামিতিক নকশা অঙ্কন করার দক্ষতা অর্জন করবে।	৫.১.১ ত্রিভুজ এবং বৃত্তের মাধ্যমে নকশা অঙ্কন	৫.১.১ শিশুরা মুক্ত হস্তে শুধুমাত্র রেখার সাহায্যে সঠিকভাবে ত্রিভুজ ও বৃত্ত আঁকতে শেখবে। ৫.১.২ একই মাপের অথবা বিভিন্ন মাপের তিনটি ত্রিভুজ এবং তিনটি বৃত্ত সাজিয়ে নকশা বা ছবি আঁকতে শেখবে। ৫.১.৩ রঙিন পেন্সিল, গ-১স মার্কিং পেন্সিল অথবা রঙ তুলির মাধ্যমে শুধুমাত্র রেখার সাহায্যে নকশা অঙ্কন করতে পারবে।	রেখাচিত্রের মাধ্যমে ত্রিভুজ এবং বৃত্তের সমন্বয়ে অঙ্কিত কয়েকটি নকশা উপস্থাপন করতে হবে।
৬। মৌলিক রঙের সাথে পরিচিত হওয়া এবং ছবি এঁকে রঙ করা।	৬.১ মৌলিক এবং মিশ্রিত রঙের সমন্বয়ে অনেক বেশি ছবি আঁকার অভ্যাস করতে পারা।	৬.১.১ শিশু মৌলিক এবং মিশ্রিত রঙের মাধ্যমে বেশি বেশি ছবি আঁকার মাধ্যমে নিজের মনের অনুভূতি, উপলব্ধি প্রকাশে সার্থকতা অর্জন করবে। ৬.১.২ অধিক পরিমাণ রঙের সংস্পর্শে থাকার কারণে শিশু জীবনের	৬.১.১ রঙের মাধ্যমে শিশুর মানসিক বিকাশ।	৬.১.১ শিক্ষকগণ শিশুদেরকে বেশি বেশি রঙের মাধ্যমে ছবি আঁকায় উৎসাহিত করবেন। ৬.১.২ বিভিন্ন রঙের মিশ্রণ এবং রঙের লেখায় শিশুকে আনন্দ উপভোগে সহযোগিতা করবেন।	উজ্জ্বল এবং গাঢ় রঙে আঁকা কয়েকটি ছবি উপস্থাপন করতে হবে।

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক/অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা
		সবকিছুকে বৈচিত্র্যময় এবং ইতিবাচক ভাবে চিন্তা করতে পারবে।			
৭। অন্যান্য উপকরণের সাথে পরিচিত হওয়া।	৭.১ কাদামাটি, রঙিন কাগজ, আঠা, পাটখড়ি, খেজুর পাতা, নারিকেল পাতা, বিনুক, নুড়ি পাথর, ডিমের খোসা, ছোট বড় কাঠের টুকরো ইত্যাদি দিয়ে ছবি ও অন্যান্য শিল্পকর্ম বানানো।	৭.১.১ রঙ, তুলি, কালি, পেন্সিলের মাধ্যমে ছবি আঁকার পাশাপাশি বিভিন্ন সহজলভ্য এবং ফেলনা জিনিসপত্র দিয়ে শিল্পকর্ম তৈরি করতে পারবে। ৭.১.২ তুচ্ছ বা পরিত্যক্ত বস্তুর প্রতি যত্নবান ও পুনঃব্যবহার করতে পারবে।	৭.১.১ কাদামাটি, রঙিন কাগজ, আঠা, পাটখড়ি, খেজুর পাতা, নারিকেল পাতা, বিনুক, নুড়ি পাথর, ডিমের খোসা, ছোট বড় কাঠের টুকরো সাজিয়ে বা আঠা দিয়ে লাগিয়ে ছবি বা অন্যান্য শিল্পকর্ম তৈরি করা।	৭.১.১ শিশুরা বিভিন্ন রকম সহজলভ্য ও ফেলনা জিনিসপত্র সংগ্রহ করতে শিখবে। ৭.১.২ সংগৃহীত উপকরণ দিয়ে কোন ধরণের শিল্পকর্ম তৈরি করা সম্ভব সে সম্পর্কে শিক্ষা গ্রহণ করবে। ৭.১.৩ বিভিন্ন উপকরণের মাধ্যমে একাধিক শিল্পকর্মের নমুনা শিক্ষকগণ শ্রেণি কক্ষে প্রদর্শনের মাধ্যমে শিশুকে উপকরণ সম্পর্কে বিস্মৃত ধারণা দেবেন।	উলি-খিত সকল উপকরণের ছবিসহ পরিচয় এবং সে সকল উপকরণ ব্যবহার করে তৈরি করা একাধিক শিল্পকর্মের ছবি উপস্থাপন ও নির্মাণ কৌশলের বর্ণনা থাকতে হবে।
৮। কাদামাটি দিয়ে বিভিন্ন জিনিস তৈরি করা।	৮.১ কাদামাটি দিয়ে ইচ্ছেমত গোলাকার যে কোন ফল তৈরি করতে পারা। যেমন- আতা, ডালিম, বাতাবি লেবু ইত্যাদি। ৮.২ কাদামাটি দিয়ে শিল, নোড়া, বাটি, মাছ, পাখি, বাংলা ও ইংরেজি অক্ষর তৈরি করা।	৮.১.১ কাদামাটি দিয়ে বাস্তব অনুকরণের মাধ্যমে বিভিন্ন গোলাকার ফল তৈরির মাধ্যমে শিশুর পর্যবেক্ষণ বস্তুর সঠিক আকার এবং বৈশিষ্ট্য সম্পর্কে বলতে পারবে। ৮.১.২ দৈনন্দিন জীবনে ব্যবহৃত বিভিন্ন প্রয়োজনীয় বস্তু, প্রাণি, বিভিন্ন বর্ণমালা তৈরি করার মাধ্যমে শিশু বিষয়বস্তু নির্বাচনের স্বাধীনতাসহ মুক্ত চিন্তা করতে পারবে।	৮.১.১ কাদামাটির সাহায্যে শিশুর মনের ভাব প্রকাশ।	৮.১.১ শিক্ষকগণ শিশুদেরকে বিভিন্ন রকম গোলাকার ফল বাস্তবে দেখাবেন এবং অনুকরণে ছবছ কাঁদামাটি দিয়ে তৈরি করতে শেখাবেন। ৮.১.২ শিশুরা নিজের বাড়িতে ব্যবহৃত বিভিন্ন বস্তু পর্যবেক্ষণ করে সেগুলো তৈরি করতে শিখবেন। ৮.১.৩ কাদামাটি দিয়ে কয়েল তৈরি করে বাংলা ও ইংরেজি বর্ণমালা তৈরি করতে শিখবে।	কাদামাটি দিয়ে তৈরি বিভিন্ন প্রকার ফল, দৈনন্দিন ব্যবহার্য দ্রব্যাদি এবং বর্ণমালা তৈরির নমুনা চিত্র উপস্থাপন করতে হবে।
৯। রঙিন ও সাদাকালো কাগজ ছিড়ে বা কেটে আঠা লাগিয়ে নানারকম শিল্পকর্ম তৈরি এবং রঙিন টুকরো কাপড় কেটে আঠা দিয়ে	৯.১ রঙিন কাগজ ছিড়ে বা কেটে ছবি বা নকশা তৈরি করা। ৯.২ রঙিন টুকরো কাপড় আঠা দিয়ে লাগিয়ে ছবি বা নকশা তৈরি করা।	৯.১.১ রঙিন কাগজ ছিড়ে বা কেটে ইচ্ছেমত ছবি বা নকশা তৈরি করতে পারবে। ৯.১.২ রঙিন টুকরো কাপড় আঠা দিয়ে লাগিয়ে ছবি বা নকশা তৈরি করতে পারবে।	৯.১.১ ফুল, পাখি, নৌকা, ঘর, গাছ, মাছ প্রজাপতি, প্রাকৃতিক দৃশ্য ইত্যাদি তৈরি করা	৯.১.১ শিক্ষকগণ বিভিন্ন রঙের কাগজ ছিড়ে এবং রঙিন টুকরো কাপড় আঠা দিয়ে লাগিয়ে শিশুদের উপযোগী সহজ বিষয় নিয়ে ছবি বা শিল্পকর্ম তৈরি করতে শেখাবেন। শিশুদেরকে সরাসরি ধারালো সরঞ্জাম ব্যবহার করতে না দিয়ে শিক্ষকগণ নিজেরাই উপকরণ কাটতে সাহায্য করবেন।	বিভিন্ন প্রকার রঙিন ও সাদা-কালো কাগজ এবং বিভিন্ন রঙের টুকরো কাপড় ব্যবহার করে ছবি তৈরির কৌশলসহ একাধিক ছবি উপস্থাপন করতে



বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক/অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা
লাগিয়ে ছবি তৈরি করা।					হবে
১০। পাটখড়ি, খেজুর পাতা, নারিকেল পাতা, নুড়ি পাথর, বিনুক, ডিমের খোসা, ছোট বড় কাঠের টুকরো ইত্যাদি উপকরণ দিয়ে তৈরি করা।	১০.১ খেজুর পাতা, নারিকেল পাতা ও তালা পাতা দিয়ে বিভিন্ন ধরণের দ্রব্য তৈরি করা।	১০.১.১ সহজলভ্য পাতা দিয়ে বিভিন্ন প্রকার দ্রব্য তৈরির মাধ্যমে শিশুর ভিন্নধর্মী কাজের প্রতি আগ্রহ প্রকাশ করবে।	১০.১.১ ফুল,পাখি, বুড়ি, চশমা, বাশী, নকশীপটি ঘর ইত্যাদি তৈরি করা।	১০.১.১ শিক্ষকগণ শিশুদেরকে সহজলভ্য উপকরণ দিয়ে জিনিসপত্র তৈরি করতে শেখাবেন। ১০.১.২ নমুনা হিসেবে বিভিন্ন উপকরণের মাধ্যমে তৈরি জিনিসপত্র শিশুদেরকে দেখাবেন। ১০.১.৩ শিশুদের তৈরি জিনিসপত্র দিয়ে বিভিন্ন ভাবে উপস্থাপন ও খেলার পরিবেশ সৃষ্টি করবেন।	শিশুদের জন্য সহজভাবে নির্মিত কিছু সংখ্যক সখের জিনিসের নমুনা চিত্র প্রদর্শন করতে হবে।
১১। পাট দিয়ে রশি বেগি ও অন্যান্য সহজ জিনিস তৈরি করতে শেখা।		-	-	-	-
১২। বিভিন্ন জিনিস রঙ করতে পারা।	১২.১ সংগ্রহ করা পোড়া মাটির জিনিস রঙ করা।	১২.১.১ সংগ্রহ করা পোড়া মাটির যে কোন খেলনা নিজের পছন্দমত রঙ করতে পারবে। ১২.১.২ কোন বস্তুকে নিজের মত রঙ করে বাহ্যিক পরিবর্তন করতে পারবে।	১২.১.১ পোড়া মাটির দ্রব্য রঙ করতে শেখা	১২.১.১ সংগ্রহ করা বিভিন্ন মৃৎপাত্রের গায়ে নিজেদের ইচ্ছেমত রঙ ব্যবহার করে সজ্জিত করতে শিখবে। ১২.১.২ নিজের তৈরি বিভিন্ন জিনিসপত্র নিজের ইচ্ছেমত রঙ করতে শিখবে।	বিভিন্ন মেলা থেকে সংগৃহীত বা জাদুঘরে রক্ষিত অলংকৃত মৃৎসামগ্রীর সচিত্র উপস্থাপন থাকতে হবে।
১৩। আধুনিক প্রযুক্তির মাধ্যমে ছবি আঁকা।		-	-	-	-

## বিস্তৃত শিখনক্রম

শ্রেণি : চতুর্থ

বিষয় : চারু ও কারু কলা

বিষয়ভিত্তিক প্রাথমিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখন ফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক/অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা
১। ছবি আঁকার প্রাথমিক উপকরণের সাথে পরিচিতি হওয়া।	১.১ বিভিন্ন রকম কালি, তুলি, পেন্সিল ও রঙিন কলম, সাইনপেন ইত্যাদি সম্পর্কে জানা।	১.১.১ রঙের প্রকারভেদ এবং ব্যবহারের পদ্ধতি সম্পর্কে বলতে পারবে। ১.১.২ বিভিন্ন মাপের তুলির প্রয়োজনীয়তা সম্পর্কে বলতে পারবে। ১.১.৩ ছবি আঁকার উপযোগী বিভিন্ন পেন্সিল ও রঙিন কলম সম্পর্কে বলতে পারবে।	১.১.১ তুলির মাধ্যমে রঙ এর ব্যবহার ও পেন্সিলের ব্যবহার।	১.১.১ চিত্রে ব্যবহৃত রঙ শনাক্ত করবে। ১.১.২ অঙ্কিত চিত্রে ব্যবহৃত পেন্সিল সনাক্ত করবে।	বিভিন্ন রঙের মাধ্যমে ছবি আঁকার পদ্ধতি সম্পর্কে সুস্পষ্ট বর্ণনা থাকবে। বিভিন্ন ধরনের রঙিন পেন্সিল ও কলমের মাধ্যমে ছবি আঁকার পদ্ধতি এবং প্রয়োজনীয়তার বর্ণনা থাকবে।
২। খেয়াল খুশি মত ছবি আঁকা।	২.১ পরিচিত যে কোন জিনিস ও প্রাকৃতিক দৃশ্য ইচ্ছেমত কল্পনা থেকে রঙ বা পেন্সিলে আঁকা।	২.১.১ পরিচিত যে কোন জিনিস কল্পনা থেকে আঁকতে পারবে। ২.১.২ বিভিন্ন প্রাকৃতিক দৃশ্য ইচ্ছেমত আঁকতে পারবে। ২.১.৩ ইচ্ছেমত কিছু একে রঙ ও পেন্সিল দ্বারা রঙ করতে পারবে।	২.১.১ পরিচিত জিনিস ও ইচ্ছেমত বাংলাদেশের বিভিন্ন ঋতুর দৃশ্য	২.১.১ শিশু তার পরিচিত কোন জিনিসের ছবি আঁকবে। ২.১.২ বাংলাদেশের ঋতুর ছবি নিজের মত করে আঁকবে।	পরিচিত জিনিস, বাংলাদেশের ঋতুর ছবি এবং ছবি আঁকার মাধ্যম সম্পর্কে আলোচনা করতে হবে।
৩। অভিজ্ঞতা ভিত্তিক ও পর্যবেক্ষণের মাধ্যমে ছবি আঁকা।	৩.১ গাছ, ফুল-ফল, পাতা, পাখি ও মাছ পর্যবেক্ষণের মাধ্যমে স্মৃতি থেকে আঁকতে পারা। ৩.২ শিশুর দেখা গ্রাম বা শহরের বিশেষ বিশেষ দর্শনীয় স্থানের ছবি (চিড়িয়াখানা, যাদুঘর, স্মৃতিসৌধ, মেলা ইত্যাদি) আঁকা	৩.১.১ গাছ, ফুল, পাখি, মাছ ইত্যাদি স্মৃতি থেকে আঁকতে পারবে। ৩.১.২ শিশু তার দেখা গ্রাম বা দর্শনীয় স্থানের ছবি ইচ্ছেমত আঁকতে পারবে।	৩.১.১ শিশুর দেখা-গাছ-ফুল-পাতা-পাখি গ্রাম ও বিভিন্ন দর্শনীয় স্থান।	৩.১.১ শিশুর অভিজ্ঞতাকে প্রাধান্য দিয়ে ছবি আঁকায় উৎসাহিত করার লক্ষ্যে শিক্ষক কিছু নমুনা প্রদর্শন করবেন।	বিষয়ভিত্তিক ধারণা এবং দর্শনীয় স্থান সম্পর্কে সুস্পষ্ট ধারণা থাকবে।
৪। বর্ণমালা লেখা/সুন্দর হাতের লেখার অভ্যাস করা।	৪.১ সরু, একটু মোটা, মাঝারি মোটা এবং বেশ মোটা বিভিন্ন মাপের কলম দিয়ে লেখা শেখা।	৪.১.১ শিশু বিভিন্ন মাপের কলম সম্পর্কে জানতে পারবে এবং এর ব্যবহার করতে পারবে। ৪.১.২ শিশুরা কঞ্চি বা খাগের কলম তৈরি করতে এবং প্রয়োগ করতে পারবে।	৪.১.১ বিভিন্ন আকৃতির বর্ণমালা।	৪.১.১ বাজারে প্রচলিত বিভিন্ন মাপের কলম বা খাগ অথবা কঞ্চির কলম দিয়ে নিজের নাম, মা-বাবার নাম, কবিতার পঙ্ক্তি বা চিঠি ইত্যাদি লাইন সোজাভাবে লেখার অনুশীলন করবে।	নমুনা প্রদানের মাধ্যমে বর্ণমালা লেখা এবং সোজা করে লেখার প্রয়োজনীয়তা সম্পর্কে ধারণা প্রদান করতে হবে।
৫। রেখাচিত্র অঙ্কন।	৫.১ মুক্ত হস্তে রেখা দিয়ে ছোট বড় অনেক গুলো বৃত্ত একে নিজের মত নকশা বা ছবি তৈরি করতে পারা।	৫.১.১ মুক্ত হস্তে ত্রিভুজ চতুর্ভুজ ও বৃত্ত আঁকতে পারবে। ৫.১.২ অঙ্কিত সব ফর্ম দিয়ে নকশা তৈরি করতে পারবে।	৫.১.১ ত্রিভুজ, চতুর্ভুজ ও বৃত্তের সমন্বয়ে নকশা অঙ্কন।	৫.১.১ সাদা কাগজে মুক্ত হস্তে বিভিন্ন মাপের ফর্মের সাহায্যে নকশা তৈরি করবে।	মুক্ত হস্তে সরু ও মোটা রেখার মাধ্যমে ত্রিভুজ, চতুর্ভুজ ও বৃত্তের সমন্বয়ে নকশা তৈরির নমুনা থাকতে হবে।

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখন ফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক/অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা
৬। মৌলিক রঙের সাথে পরিচিত হওয়া এবং ছবি এঁকে রঙ করা।	৬.১ ত্রিভুজ, চতুর্ভুজ ও বৃত্তের সাহায্যে নকশা অঙ্কন করে নকশাটি মৌলিক ও মিশ্রিত রঙ দিয়ে ভরাট করতে পারা।	৬.১.১ মৌলিক রঙগুলি সম্পর্কে বলতে পারবে। ৬.১.২ দুইটি মৌলিক রঙ মিশিয়ে তৈরিকৃত রঙ সম্পর্কে জানতে ও প্রয়োগ করতে পারবে।	৬.১.১ মৌলিক রঙ চিনতে ও মিশ্রণ করতে শেখা এবং মৌলিক ও মিশ্র রঙের সাহায্যে ছবি রঙ করা।	৬.১.১ খেলাচ্ছলে শিশুরা বিভিন্ন রঙের মিশ্রণ ও ঘনত্ব সম্পর্কে শিখবে এবং মিশ্রণের ফলে সৃষ্ট রঙের নাম শিখবে। ৬.১.২ নতুন নতুন রঙ তৈরির আনন্দে ছবি আঁকবে।	আলাদা আলাদা মৌলিক রঙ দেখিয়ে এবং প্রত্যেকটির সাথে প্রত্যেকটির মিশ্রণ দেখিয়ে সৃষ্ট নতুন রঙের নামসহ রঙিন ছবি থাকবে। তুলনামূলক গাঢ় রঙ ব্যবহার করে অথবা কয়েকটি ছবির নমুনা প্রদর্শন করতে হবে।
৭। অন্যান্য উপকরণের সাথে পরিচিত হওয়া।	৭.১ কাদামাটি, রঙিন কাগজ, আঠা, পাটখড়ি, খেজুর পাতা, নারিকেল পাতা, বিনুক, নুড়ি পাথর, ডিমের খোসা, ছোট বড় কাঠের টুকরো ইত্যাদি দিয়ে ছবি ও অন্যান্য শিল্পকর্ম বানাতে পারা।	৭.১.১ ছবি আঁকার উপকরণ ছাড়াও অন্যান্য উপকরণ সম্পর্কে ধারণা এবং সেগুলো ব্যবহার করে বিভিন্ন রকমের ঘড়ি, চশমা, চরকা, ফল-ফুল, পুতুল ইত্যাদি বানাতে পারবে।	৭.১.১ অন্যান্য উপকরণের মাধ্যমে ছবি ও শিল্প কর্ম তৈরিতে দক্ষতা অর্জন করা।	৭.১.১ রঙ তুলি, পেন্সিল ইত্যাদি প্রচলিত উপকরণের বাইরে অন্যান্য উপকরণ ব্যবহার করে শিল্পকর্ম তৈরির ধারণা সৃষ্টি করা। ৭.১.২ একই ধরণের উপকরণ ও মিশ্র উপকরণ এর মাধ্যমে শিল্পকর্ম তৈরি করা।	একাধিক উপকরণ ব্যবহার করে তৈরি করা শিল্প কর্মের নমুনা থাকতে হবে। প্রচলিত বিভিন্ন শিল্প কর্মসহ নতুন নতুন ধারণার সৃষ্টি করে এ ধরণের কিছু শিল্প কর্মের ছবি এবং সংক্ষিপ্ত পরিচয় থাকতে হবে।
৮। কাদামাটি দিয়ে বিভিন্ন জিনিস তৈরি করা।	৮.১ কাদামাটি দিয়ে ইচ্ছেমত গোলাকার যে কোন ফল তৈরি করতে পারবে। যেমন আতা, ডালিম, বাতামি লেবু, বেল ইত্যাদি। ৮.২ কাদামাটি দিয়ে শিল, নোড়া, বাটি, মাছ, পাখি, বাংলা ও ইংরেজি অক্ষর তৈরি করা।	৮.১.১ কাদা মাটি দিয়ে বিভিন্ন রকম ফল তৈরি করতে পারবে। ৮.১.২ কাদা মাটি দিয়ে শিশুরা বিভিন্ন রকম মাছ, পাখি ইত্যাদি তৈরি করতে পারবে। ৮.১.৩ কাদা মাটি দিয়ে তৈরি কয়েলের সাহায্যে বিভিন্ন রকম অক্ষর তৈরি করতে পারবে। ৮.১.৪ বস্তুর আকৃতি ও গঠন সম্পর্কে বলতে পারবে।	৮.১.১ কাদা মাটি দিয়ে বিভিন্ন রকম ফল মাছ, পাখি ও কয়েলের সাহায্যে বিভিন্ন রকম অক্ষর তৈরি	৮.১.১ নমুনা হিসেবে বিভিন্ন রকম মাটির ফল, পাখি ইত্যাদি শিশুরা ক্লাসে দেখবে এবং তৈরি করবে। ৮.১.২ মাটির তৈরি কয়েলের মাধ্যমে বর্ণমালা দেখবে এবং তৈরি করবে।	কাদা মাটি সংগ্রহ এবং প্রস্তুত করার সংক্ষিপ্ত বর্ণনা এবং ফল, পাখি, মাছ ইত্যাদি তৈরির কৌশলগত সহজবোধ্য ছবির উপস্থাপন করতে হবে।
৯। রঙিন ও সাদাকালো কাগজ ছিড়ে বা কেটে আঠা লাগিয়ে নানা রকম শিল্পকর্ম তৈরি এবং রঙিন টুকরো কাপড় কেটে আঠা দিয়ে লাগিয়ে ছবি তৈরি করা।	৯.১ রঙিন টুকরো কাগজ বা কাপড় দিয়ে ইচ্ছামত ছবি ও নকশা তৈরি করতে পারা। ৯.২ রঙিন কাগজ কেটে বাংলা ও ইংরেজি বর্ণমালা বা কোন লেখা তৈরি করতে পারা।	৯.১.১ রঙিন কাগজ বা কাপড় ছিড়ে অথবা কেঁটে নানা রকম নকশা তৈরি করতে পারবে। ৯.১.২ রঙিন কাগজ কেঁটে নানা রকম বর্ণমালা বা লেখা তৈরি করতে পারবে।	৯.১.১ কাগজ বা কাপড় ছিড়ে অথবা কেঁটে নকশা ও বর্ণমালা তৈরি।	৯.১.১ রঙিন কাগজ বা কাপড়ের তৈরি নকশা বা বর্ণমালা শিশুরা দেখবে এবং তা থেকে শিশুরা নিজের মত নকশা বা বর্ণমালা তৈরিতে উৎসাহী হবে।	রঙিন কাগজ বা কাপড়ের শিল্পকর্ম ও নকশা তৈরির সংক্ষিপ্ত বিবরণের সচিত্র উপস্থাপন থাকতে হবে।
১০। পাটখড়ি, খেজুর পাতা, নারিকেল পাতা, নুড়ি পাথর, বিনুক,	১০.১ খেজুর পাতা, নারিকেল পাতা, তালপাতা ও কলা পাতা দিয়ে সহজে নানা ধরণের বুড়ি, পাটি, বাঁশি ও টুপি ইত্যাদি তৈরি করতে পারা।	১০.১.১ খেজুর পাতা, তালপাতা, নারিকেল পাতা ও কলা পাতা দিয়ে বিভিন্ন রকমের বুড়ি, পাটি, বাঁশি ইত্যাদি তৈরি করতে পারবে।	১০.১.১ খেজুর পাতা, তালপাতা, নারিকেল পাতার তৈরি সামগ্রী ও	১০.১.১ পাতার তৈরি বিভিন্ন সামগ্রী ও বিনুক, ডিমের খোসা, নুড়ি পাথরের তৈরি শিল্প ও খেলনা শিশুদের দেখাতে হবে। এসব	বিভিন্ন রকমের পাতা ও সামগ্রীর সাহায্যে শিল্পকর্ম তৈরির কৌশলগত বর্ণনা ও বিভিন্ন সামগ্রীর সচিত্র উপস্থাপন থাকতে হবে।

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখন ফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক/অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা
ডিমের খোসা ইত্যাদি উপকরণ দিয়ে কিছু তৈরি করা।		১০.১.২ ঝিনুক, ডিমের খোসা, নুড়ি পাথর ইত্যাদির উপর নকশার মাধ্যমে বিভিন্ন রকম খেলনা তৈরি করতে পারবে।	ঝিনুক, ডিমের খোসা, নুড়ি পাথরের তৈরি খেলনা বা শিক্ষণ সামগ্রী।	শিল্প সামগ্রী তৈরির কৌশল সম্পর্কে শিশুদের শিক্ষা দিতে হবে।	
১১। পাট দিয়ে রশি বেনী ও অন্যান্য সহজ জিনিস তৈরি করতে শেখা	১১.১ পাট ও পাটের রশি দিয়ে বেণি, শিকা ও অন্যান্য সহজ জিনিস তৈরি করতে পারা।	১১.১.১ পাট ও পাটের রশি দিয়ে বেণি পদ্ধতিতে শিকা, ঝুড়িসহ বিভিন্ন ব্যবহার্য ও নান্দনিক সামগ্রী নির্মাণ করতে পারবে।	১১.১.১ পাট ও পাটের রশি দিয়ে সহজে বিভিন্ন জিনিস নির্মাণ।	১১.১.১ পাট ও পাটের রশি দিয়ে বুনন অথবা বেণি তৈরি করে বিভিন্ন রকম খেলনা, পুতুল তৈরি করবে। ১১.১.২ শিকা, ঝুড়ি ইত্যাদি তৈরি করতে শিখবে।	পাটের তৈরি বিভিন্ন প্রকার সামগ্রীর সচিত্র উপস্থাপন করতে হবে।
১২। বিভিন্ন জিনিস রঙ করতে পারা	১২.১ সংগ্রহ বা নিজের তৈরি যে কোন জিনিস রঙ করতে পারা।	১২.১.১ কুম্ভকারদের (কুমার) তৈরি করা বিভিন্ন মৃৎপাত্র সংগ্রহ করে তাতে নিজের মত রঙ করে সুসজ্জিত করতে পারবে। ১২.১.২ নিজের হাতে তৈরি বিভিন্ন খেলনা নিজের মত রঙ করতে পারবে।	১২.১.১ অলংকরণ ও সুসজ্জিত করা	১২.১.১ সংগ্রহ করা বিভিন্ন মৃৎপাত্রের গায়ে নিজেদের ইচ্ছেমত রঙ ব্যবহার করে সজ্জিত করতে শিখবে। ১২.১.২ নিজের তৈরি বিভিন্ন জিনিসপত্র নিজের ইচ্ছেমত রঙ করতে শিখবে।	বিভিন্ন মেলা থেকে সংগৃহীত বা জাদুঘরে রক্ষিত অলংকৃত মৃৎসামগ্রীর সচিত্র উপস্থাপন থাকতে হবে।
১৩। আধুনিক প্রযুক্তির মাধ্যমে ছবি আঁকা।	১৩.১ কম্পিউটারে ছবি আঁকা ও রঙ করতে পারা।	১৩.১ কম্পিউটারের মাউস ঘুরিয়ে ছবি আঁকতে ও রঙ করতে পারবে	১৩.১.১ ছবি আঁকায় প্রযুক্তির ব্যবহার	১৩.১.১ কম্পিউটারে পেইন্ট ব্রাশ অপশনে মাউস ঘুরিয়ে ছবি আঁকে রঙ করা শিখবে। ১৩.১.২ অঙ্কিত ছবি সেভ করতে শিখবে।	কম্পিউটার অন-অফ সহ প্রয়োজনীয় অপশন সম্পর্কে শিশুদের উপযোগী করে তথ্য ও ছবিসহ প্রদর্শন করতে হবে।

## বিস্তৃত শিখনক্রম

শ্রেণি : পঞ্চম

বিষয় : চারু ও কারু কলা

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক/অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা
১। ছবি আঁকার প্রাথমিক উপকরণের সাথে পরিচিতি হওয়া।	১.১ শিশুদের ছবি আঁকার বিভিন্ন রকমের রঙ তুলি, পেন্সিল এবং বিভিন্ন প্রকার পেন্সিলের বৈশিষ্ট্যগত পার্থক্য জানা (2B, 3B, 4B, 6B ইত্যাদি।)	১.১.১ রঙের প্রকারভেদ এবং ব্যবহারের পদ্ধতি সম্পর্কে বলতে পারবে। ১.১.২ তুলি কী এবং ভিন্ন ভিন্ন মাপের তুলি ব্যবহারের প্রয়োজনীয়তা সম্পর্কে বলতে পারবে। ১.১.৩ ছবি আঁকার উপযুক্ত বিভিন্ন পেন্সিল এবং ব্যবহারের সুবিধা অসুবিধা সম্পর্কে বলতে পারবে।	১.১.১ তুলির মাধ্যমে কাগজে রঙের প্রয়োগ এবং ক্ষেত্র বিশেষে বিভিন্ন পেন্সিলের ব্যবহার।	১.১.১ বিভিন্ন রঙে আঁকা চিত্র শনাক্ত করবে। ১.১.২ পেন্সিলে আঁকা চিত্র শনাক্ত করবে।	বিভিন্ন রঙের মাধ্যমে ছবি আঁকার পদ্ধতি সম্পর্কে সুস্পষ্ট বর্ণনা থাকবে। বিভিন্ন ধরনের পেন্সিলের মাধ্যমে ছবি আঁকার পদ্ধতি এবং প্রয়োজনীয়তা সম্পর্কে সুস্পষ্ট বর্ণনা থাকবে।
২। খেয়াল খুশি মত ছবি আঁকা।	২.১ পরিচিতি যে কোন বস্তু, প্রাকৃতিক দৃশ্য, ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ বিষয়ক স্মৃতি স্তম্ভ ইত্যাদি অবশ্যই নিজের ইচ্ছেমত আঁকা।	২.১.১ পরিচিত বিভিন্ন জিনিস কল্পনা থেকে আঁকতে পারবে। ২.১.২ পরিচিত বিভিন্ন প্রাকৃতিক দৃশ্য স্মৃতি থেকে আঁকতে পারবে। ২.১.৩ ঐতিহাসিক বিষয়ভিত্তিক ছবি আঁকতে পারবে।	২.১.১ পরিচিত বস্তু, প্রাকৃতিক দৃশ্য এবং ঐতিহাসিক প্রেক্ষাপটের ছবি।	২.১.১ পারিপার্শ্বিক বিভিন্ন বস্তু ও পরিবেশের উপর ভিত্তি করে ছবি আঁকবে ২.১.২ ঐতিহাসিক ঘটনাবলী সম্পর্কে জ্ঞান অর্জন করে সেই প্রেক্ষাপটে নিজের মত করে ছবি আঁকবে।	পরিচিত বস্তু, পরিবেশ এবং ঐতিহাসিক ঘটনাবলী সমৃদ্ধ পর্যাপ্ত ছবি এবং মাধ্যমগত দিক আলোচনা করতে হবে।
৩। অভিজ্ঞতা ভিত্তিক ও পর্যবেক্ষণের মাধ্যমে ছবি আঁকা।	৩.১ শিশুর প্রিয় খেলা, উৎসব, জন্মদিন, ঈদ, পূজা, বড়দিন, বৌদ্ধ পূর্ণিমা, নববর্ষ, মেলা, বাজার ইত্যাদির ছবি বুদ্ধি খাটিয়ে ইচ্ছেমত রঙ দিয়ে আঁকতে পারা।	৩.১.১ বাংলাদেশের বিভিন্ন খেলা সম্পর্কে জানতে ও আঁকতে পারবে। ৩.১.২ সামাজিক ও ধর্মীয় উৎসব সম্পর্কে জানতে ও আঁকতে পারবে। ৩.১.৩ বিভিন্ন পার্বন, হাট-বাজার ও মেলা সম্পর্কে জানতে ও আঁকতে পারার মাধ্যমে নিজস্ব সংস্কৃতি সম্পর্কে সচেতনভাবে প্রদর্শন করবে। ৩.১.৪ শিশুরা এইসব বিষয়গুলি বিভিন্ন রঙ কিংবা শুধুমাত্র কালো কালিতেও আঁকতে পারবে।	৩.১.১ শিশুরা পারিপার্শ্বিক অবস্থা, সামাজিক, ধর্মীয়, ইতিহাস, ঐতিহ্য সম্পর্কিত অভিজ্ঞতার আলোকে ছবি আঁকবে।	৩.১.১ শিশুর অভিজ্ঞতাকে প্রাধান্য দিয়ে ছবি আঁকার বিষয়ে সহযোগিতা, অনুপ্রেরণা ইত্যাদি কার্যক্রমের অংশ হিসেবে কিছু উল্লেখযোগ্য নমুনা প্রদর্শন করবেন।	প্রতি বিষয়ে সঠিক এবং সুস্পষ্ট ইতিহাসসহ রঙিন এবং কালো কালির মাধ্যমে অঙ্কিত চিত্র থাকতে হবে।
৪। বর্ণমালা লেখা/ সুন্দর হাতের লেখার অভ্যাস করা।	৪.১ বাংলা-ইংরেজি সংখ্যা ইত্যাদি বর্ণ ও চিহ্নকে বিভিন্ন নকশার আদলে লিখতে শেখা।	৪.১.১ বাংলা ও ইংরেজি বর্ণকে ভিন্ন আঙ্গিকে নকশার মাধ্যমে সুন্দর ও সাবলীল ভাবে উপস্থাপন করতে পারবে।	৪.১.১ বিভিন্ন বর্ণমালার নকশাধর্মী উপস্থাপন ৪.১.২ রসূল ছাড়া সাদা কাগজে সুন্দর	৪.১.১ বর্ণমালাকে গতানুগতিক ভাব থেকে ভিন্নভাবে উপস্থাপন ৪.১.২ অক্ষরকে মোটা বা ডাবল লাইনে লেখা	বর্ণমালাকে নকশার মাধ্যমে উপস্থাপনের প্রয়োজনীয়তা, কৌশল রঙের ব্যবহার সম্পর্কে স্পষ্ট ধারণা থাকতে হবে এবং নমুনা প্রদর্শন

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক/অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা
	৪.২ এই নকশাটি বিভিন্ন রঙে এবং সাদা কালোতে তৈরি করতে পারা।	৪.১.২ সুন্দর হাতের লেখা চর্চার মাধ্যমে ভবিষ্যৎ জীবনে শিক্ষা ও কর্মক্ষেত্রে সুন্দর ও রচিশীল মনের প্রকাশ ঘটতে পারবে।	হাতের লেখার অনুশীলন	৪.১.৩ আলোছায়ার ব্যবহার করে তল থেকে উন্নত করা ৪.১.৪ রঙ ছাড়া সাদা কাগজে লাইন সোজা করে বিভিন্ন গল্পের বা কবিতার উলে- খযোগ্য পংক্তি।	করতে হবে। সাদা রঙ ছাড়া কাগজে লাইন সোজা করে লেখা কোন গল্প, কবিতা, চিঠির নমুনা থাকতে হবে।
৫। রেখাচিত্র অঙ্কন।	৫.১ মুক্ত হস্তে রেখা দিয়ে ছোট বড় ত্রিভুজ বা বৃত্ত দিয়ে নকশা বা ছবি তৈরি করতে পারা।	৫.১.১ মুক্ত হস্তে বিভিন্ন জ্যামিতিক ফর্ম ত্রিভুজ, বৃত্ত ইত্যাদি আঁকায় দক্ষ হবে। ৫.১.২ জ্যামিতিক ফর্ম বিন্যাসের মাধ্যমে নকশা আঁকার দক্ষতার প্রকাশ ঘটাবে।	৫.১.১ ছোট বড় বিভিন্ন মাপের ত্রিভুজ, বৃত্ত অনুশীলন ও ফর্মগুলির সমন্বয়ে নকশা অঙ্কন।	৫.১.১ সাদা কাগজে মুক্ত হস্তে ছোট বড় বিভিন্ন মাপের ত্রিভুজ, বৃত্ত আঁকা শিখবে। ৫.১.২ অঙ্কিত ফর্ম নিজের মত করে সাজিয়ে বিভিন্ন ভাবে নকশা বা ছবি আঁকবে।	মুক্ত হস্তে ত্রিভুজ, বৃত্ত আঁকার নমুনা প্রদর্শন করতে হবে। কখনও সর রেখায় আবার কখনও মোটা রেখার মাধ্যমে ফর্মগুলি দেখাতে হবে। ছোট বড় একই ফর্ম অথবা ভিন্ন ভিন্ন ফর্ম ব্যবহার করে সামঞ্জস্যপূর্ণ বিন্যাসের মাধ্যমে কয়েকটি নকশা বা ছবির নমুনা থাকতে হবে।
৬। মৌলিক রঙের সাথে পরিচিত হওয়া এবং ছবি এঁকে রঙ করা।	৬.১ শিশু তার ইচ্ছেমত যেসব ছবি আঁকবে তাতে মৌলিক ও মিশ্রিত রঙগুলোর বৈশিষ্ট্য চিনতে শেখা।	৬.১.১ মৌলিক রঙগুলো কি কি এবং রঙগুলোর বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে। ৬.১.২ দুইটি মৌলিক রঙ মিশ্রনের ফলে যে সকল রঙ তৈরি হয় সেগুলোর নামসহ পরিচয় জানতে পারবে। রঙগুলো ব্যবহার করে ছবি আঁকতে পারবে।	৬.১.১ মৌলিক রঙ চিনতে এবং মিশ্রণ করবে শেখা, তারপর সে সব রঙ ব্যবহার করে বিভিন্ন ছবি রঙ করা।	৬.১.১ আনন্দঘন পরিবেশে শিশুরা বিভিন্ন রঙ মিশ্রণ করা শিখবে, মিশ্রনের মাধ্যমে সৃষ্ট নতুন রঙের নাম শিখবে। ৬.১.২ নতুন নতুন রঙ সৃষ্টির আনন্দ এবং ব্যবহারের মাধ্যমে ছবি আঁকবে।	আলাদা আলাদা মৌলিক রঙ দেখিয়ে এবং প্রত্যেকটির সাথে প্রত্যেকটির মিশ্রণ দেখিয়ে সৃষ্ট নতুন রঙের নাম সহ রঙিন ছবি থাকতে হবে। তুলনামূলক অধিক রঙ ব্যবহার করে আঁকা কয়েকটি ছবির নমুনা প্রদর্শন করতে হবে।
৭। অন্যান্য উপকরণের সাথে পরিচিত হওয়া।	৭.১ কাদামাটি, রঙিন কাগজ, আঠা, পাঠখড়ি, খেজুর পাতা, নারিকেল পাতা, বিনুক, নুড়ি পাথর, পুতি, ডিমের খোসা, ছোট বড় কাঠের টুকরো ইত্যাদি দিয়ে ছবি ও অন্যান্য শিল্পকর্ম বানাতে পারা।	৭.১.১ ছবি আঁকার উপকরণ ছাড়াও অন্যান্য উপকরণ সম্পর্কে ধারণা এবং সেগুলো ব্যবহার করে বিভিন্ন রকমের গহনা, সাজসজ্জার জিনিস, খেলনা ইত্যাদি বানাতে পারবে।	৭.১.১ অন্যান্য উপকরণ ব্যবহারের মাধ্যমে ছবি বা শিল্পকর্ম তৈরির দক্ষতা অর্জন করা	৭.১.১ রঙ তুলি, পেন্সিল ছাড়া অন্যান্য কি উপকরণ ব্যবহার করে কোন্ ধরণের শিল্পকর্ম তৈরি করা যায় সেই সম্পর্কে নতুন নতুন ধারণা সৃষ্টি করবে। ৭.১.২ একই ধরণের উপকরণ বা একাধিক উপকরণের মিশ্রণে কখনও আঠা যুক্ত করে কখনও বুননের মাধ্যমে ব্যবহারিক সাজসজ্জা কিংবা খেলনা ইত্যাদি জাতীয় শিল্পকর্ম তৈরি করবে।	একাধিক উপকরণ ব্যবহার করে তৈরি করা শিল্পকর্মের নমুনা থাকতে হবে। প্রচলিত বিভিন্ন শিল্পকর্মসহ নতুন নতুন ধারণার সৃষ্টি করে এমন কিছু শিল্পকর্মের ছবি এবং সংক্ষিপ্ত পরিচয় থাকতে হবে।

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক/অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা
৮। কাদামাটি দিয়ে বিভিন্ন জিনিস তৈরি করা।	৮.১ মাটি দিয়ে বিভিন্ন মাপের ফলক বানাতে শিখবে। নরম মাটির এই ফলক কখনও খোদাই করে কখনও আলগা মাটি যুক্ত করে ফলকের তল উঁচু-নিচু করে ইচ্ছেমত ছবি ও নকশাধর্মী ছবি তৈরি করতে পারা।	৮.১.১ কাদা মাটি দিয়ে নকশা খচিত বিভিন্ন রকম ফলক নির্মাণের কৌশল আয়ত্ত্ব করতে পারবে। ৮.১.২ নকশাধর্মী অথবা ধারাবাহিক কাহিনী ভিত্তিক ছবি দিয়ে তৈরি ফলকের বিভিন্ন প্রকার ব্যবহার সম্পর্কে বর্ণনা করতে পারবে।	৮.১.১ কাদা মাটির ফলক নির্মাণ।	৮.১.১ কাদা মাটি দিয়ে বিভিন্ন মাপের এবং বিভিন্ন আঁকারের সমতল ফলক নির্মাণ করবে। ৮.১.২ নির্মিত ফলকের উপর কখনও খোদাই করে কখনও বা আলগা মাটি যুক্ত করে বিভিন্ন রকম নকশাধর্মী অথবা কোন দৃশ্য বা কাহিনী চিত্র তৈরি করা শিখবে।	কাদা মাটি সংগ্রহ এবং প্রস্তুত করার সংক্ষিপ্ত বর্ণনাসহ ফলক নির্মাণ এবং খোদাই করার কৌশলের সহজবোধ্য ছবি উপস্থাপন করতে হবে। বাংলাদেশের ঐতিহ্যবাহী পোড়ামাটির ফলকের কিছু উল্লেখযোগ্য নমুনা উপস্থাপন করতে হবে।
৯। রঙিন ও সাদাকালো কাগজ ছিঁড়ে বা কেটে আঠা লাগিয়ে নানারকম শিল্পকর্ম তৈরি এবং রঙিন টুকরো কাপড় কেটে আঠা দিয়ে লাগিয়ে ছবি তৈরি করা।	৯.১ রঙিন কাগজ বা কাপড় দিয়ে শিশুর ইচ্ছেমত ছবি ও নকশা তৈরি করতে পারা।	৯.১.১ রঙিন টুকরো কাগজ বা কাপড় দিয়ে বিভিন্ন প্রকার ছবি বা নকশা তৈরি করতে পারবে। ৯.১.২ নকশা বা ছবির সাহায্যে বিভিন্ন ঘরোয়া অনুষ্ঠান-জন্মদিন, বিয়ে, ধর্মীয় অনুষ্ঠান ইত্যাদিতে সাজসজ্জার কাজ করতে পারবে। ৯.১.৩ বিদ্যালয় কিংবা অন্যান্য প্রতিষ্ঠানে বিভিন্ন জাতীয় অনুষ্ঠান ঐতিহ্যবাহী অনুষ্ঠান ও সামাজিক অনুষ্ঠানে সাজসজ্জা ও মঞ্চ সজ্জা করতে পারবে।	৯.১.১ সাজসজ্জা বিষয়ে দক্ষতা অর্জন।	৯.১.১ রঙিন ও সাদাকালো বিভিন্ন কাগজ ছিঁড়ে বা কেটে নকশা অঙ্কন এবং বিভিন্ন লেখা বা ছবি তৈরি করা শিখবে। ৯.১.২ রঙিন কাপড় কেটে আঠা দিয়ে লাগিয়ে বিভিন্ন রকম নকশা বা ছবি তৈরি করা শিখবে। ৯.১.৩ এই সকল নকশা বা ছবি দিয়ে ঘরোয়া অনুষ্ঠান কিংবা বিদ্যালয় সাজসজ্জার বিষয় অনুশীলন করবে। এ ধরনের কাজ একক বা দলীয় ভাবে করতে পারবে।	রঙিন কাগজ এবং রঙিন কাপড় দিয়ে শিল্পকর্ম তৈরির সংক্ষিপ্ত বিবরণসহ সচিত্র উপস্থাপন থাকতে হবে। দেশী-বিদেশী বিভিন্ন কাজের নমুনা প্রদর্শন করতে হবে। বিভিন্ন ক্ষেত্রে সাজসজ্জার বিষয়সহ নতুন নতুন ধারণা সম্পর্কে সচিত্র উপস্থাপন থাকতে হবে।
১০। পাটখড়ি, খেজুর পাতা, নারিকেল পাতা, নুড়ি পাথর, বিনুক, ডিমের খোসা, ছোট বড় কাঠের টুকরো ইত্যাদি উপকরণ দিয়ে তৈরি করা।	১০.১ খেজুর, নারিকেল, তাল ও কলাপাতা দিয়ে সহজ নকশা এবং পাটি, পাখা ইত্যাদি তৈরি করতে পারা।	১০.১.১ দেশীয় এবং সহজলভ্য কিংবা তুচ্ছ বা পরিত্যক্ত উপকরণের মাধ্যমে বিভিন্ন প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ জিনিস তৈরি করতে পারবে।	১০.১.১ সাধারণ জিনিসপত্র ব্যবহার করে আকর্ষণীয় ও গুরুত্বপূর্ণ জিনিস তৈরি করা।	১০.১.১ বিভিন্ন পাতা ব্যবহার করে বেগি তৈরির মাধ্যমে বা বুননের মাধ্যমে পাটি, পাখা, বুড়িসহ দৈনন্দিন ব্যবহার এবং সাজসজ্জার জিনিসপত্র তৈরি করতে শিখবে।	বিভিন্ন রকমের পাতা কাজের উপযুক্তকরণ পদ্ধতিসহ তৈরি করা সামগ্রীর সচিত্র উপস্থাপন থাকতে হবে।
১১। পাট দিয়ে রশি বেগি ও অন্যান্য সহজ জিনিস তৈরি করতে শেখা	১১.১ পাট ও পাটের রশি দিয়ে বেগি, শিকা ও অন্যান্য সহজ জিনিস তৈরি করতে পারা।	১১.১.১ পাট ও পাটের রশি দিয়ে বেগি পদ্ধতিতে শিকা, বুড়িসহ বিভিন্ন ব্যবহার্য ও নান্দনিক সামগ্রী নির্মাণ করতে পারবে।	১১.১.১ পাট ও পাটের রশি দিয়ে সহজে বিভিন্ন জিনিস নির্মাণ।	১১.১.১ পাট ও পাটের রশি দিয়ে বুনন অথবা বেগি তৈরি করে বিভিন্ন রকম খেলনা, পুতুল তৈরি করবে। ১১.১.২ শিকা, বুড়ি ইত্যাদি তৈরি করতে শিখবে।	পাটের তৈরি বিভিন্ন প্রকার সামগ্রীর সচিত্র উপস্থাপন করতে হবে।

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ	লেখক/অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা
১২। বিভিন্ন জিনিস রঙ করতে পারা	১২.১ সংগ্রহ বা নিজের তৈরি যে কোন জিনিস রঙ করতে শেখা।	১২.১.১ কুম্ভকারদের (কুমার) তৈরি করা বিভিন্ন মৃৎপাত্র সংগ্রহ করে তাতে নিজের মত রঙ করে সুসজ্জিত করতে পারবে। ১২.১.২ নিজের হাতে তৈরি বিভিন্ন খেলনা নিজের মত রঙ করতে পারবে।	১২.১.১ অলংকরণ ও সুসজ্জিত করা	১২.১.১ সংগ্রহ করা বিভিন্ন মৃৎপাত্রের গায়ে নিজেদের ইচ্ছেমত রঙ ব্যবহার করে সজ্জিত করতে শিখবে। ১২.১.২ নিজের তৈরি বিভিন্ন জিনিসপত্র নিজের ইচ্ছেমত রঙ করতে শিখবে।	বিভিন্ন মেলা থেকে সংগৃহীত বা জাদুঘরে রক্ষিত অলংকৃত মৃৎসামগ্রীর সচিত্র উপস্থাপন থাকতে হবে।
১৩। আধুনিক প্রযুক্তির মাধ্যমে ছবি আঁকা।	১৩.১ কম্পিউটারে ছবি আঁকা, রঙ করা এবং প্রিন্ট নেওয়া।	১৩.১ কম্পিউটারের মাউস ঘুরিয়ে ছবি আঁকতে ও রঙ করতে পারবে ১৩.২ ছবির প্রিন্ট নিতে পারবে।	১৩.১.১ ছবি আঁকায় প্রযুক্তির ব্যবহার	১৩.১.১ কম্পিউটারে পেইন্ট ব্রাশ অপশনে মাউস ঘুরিয়ে ছবি আঁকা শিখবে ও রঙ করা শিখবে। ১৩.১.২ অঙ্কিত ছবি সেভ করে প্রিন্ট আউট নিতে শিখবে।	কম্পিউটার অন-অফ সহ প্রয়োজনীয় অপশন সম্পর্কে শিশুদের উপযোগী করে তথ্য ও ছবিসহ প্রদর্শন করতে হবে।